

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

কে এই শত্রু, যার জন্য মায়া লাগছে প্রভার - পৃষ্ঠা-৩

বর্ষ ৩ ঃ সংখ্যা-১৭০ ঃ মেহেরপুর- শনিবার ২৮ জুন ২০২৫ ইং ঃ ১৪ আষাঢ় ১৪৩২ বাংলা ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা


## মেহেরপুরে শিক্ষকের অভাবে নুয়ে পড়েছে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা



নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলার প্রাথমিক শিক্ষাব্যবস্থা মারাত্মক সংকটে পড়েছে শিক্ষক সংকটের কারণে। জেলার ৩০৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে দুই শতাধিক প্রধান ও সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে। এতে পাঠদান থেকে শুরু করে প্রশাসনিক কার্যক্রমেও দেখা দিয়েছে অচলাবস্থা।

জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, মেহেরপুর সদর উপজেলায় ১০৮টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৪৫টিতে, গাংনীতে ১৬২টির মধ্যে ২৫টিতে এবং মুজিবনগর উপজেলায় ৩৮টির মধ্যে ১৫টি বিদ্যালয়ে প্রধান শিক্ষক নেই। পাশাপাশি জেলার প্রায় ১০০টি সহকারী শিক্ষকের পদও শূন্য রয়েছে। তবে শিক্ষা সংশ্লিষ্টদের মতে, দাপ্তরিক কাজ, প্রশিক্ষণ, সরকারি মিটিং ও ছুটির কারণে আরও দেড় শতাধিক

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে সাড়ে ৩ বছরেও শেষ হয়নি ব্রিজের কাজ! ভোগান্তিতে ১০ গ্রামের মানুষ

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুরের গাংনী উপজেলার সেউটিয়া খালের উপর যুগিন্দা-কুচুইখালী সড়কে ব্রিজ নির্মাণ কাজ সাড়ে তিন বছরেও শেষ হয়নি। ফলে অন্তত ১০ গ্রামের হাজার হাজার মানুষকে প্রতিদিন চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে। ঠিকাদারি প্রতিষ্ঠানের গাফিলতি এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) নজরদারির অভাবকেই এই দীর্ঘসূত্রতার জন্য দায়ী করছেন স্থানীয়রা।

বিশ্ব ব্যাংকের সহায়তায় অনূর্ধ্ব ১০০ মিটার ব্রিজ প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থবছরে সেউটিয়া খালের উপর ৬০ মিটার দৈর্ঘ্যের এই ব্রিজ নির্মাণের উদ্যোগ নেওয়া হয়। ৪ কোটি ৭১ লাখ টাকা ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়নের দায়িত্ব পায় কামারজানি সুমন জেভি নামের একটি ঠিকাদারি প্রতিষ্ঠান। ২০২২ সালের ফেব্রুয়ারিতে কাজ শুরু হয় এবং ২০২৩ সালের শেষ নাগাদ কাজ শেষ হওয়ার কথা ছিল। কিন্তু নির্ধারিত সময়ের বহু পরেও এখনো প্রকল্পের

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু, প্রথম দিন অনুপস্থিত ৭৮ পরীক্ষার্থী

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে এইচএসসি ও সমমানের পরীক্ষায় প্রথম দিন ৭৮ হন অনুপস্থিত ছিলো। জেলা শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, মেহেরপুর জেলায় মোট পরীক্ষার্থী ৫,৫০৫ জন। এর মধ্যে এইচএসসি পরীক্ষার্থী ৪,১৭৭ জন, এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) ৯১১ জন, ভোকেশনাল ২৭৩ জন এবং আলিম পরীক্ষার্থী ১৪৪ জন। -+তবে পরীক্ষার প্রথম দিন অনুপস্থিত ছিল ৭৮ জন পরীক্ষার্থী। এর মধ্যে এইচএসসি পরীক্ষায় অনুপস্থিত ৬২ জন, ব্যবসায় ব্যবস্থাপনায় ৯ জন এবং আলিম পরীক্ষায় ৭ জন।

২-এর পৃষ্ঠা দেখুন

## মুজিবনগর থানাসহ মেহেরপুরের ৫ প্রতিষ্ঠানের নাম পরিবর্তন

নিজস্ব প্রতিবেদক

সরকারি স্থাপনার নাম থেকে আওয়ামী লীগ নেতৃবৃন্দ ও শেখ হাসিনার পরিবারের নাম অপসারণের অংশ হিসেবে মেহেরপুর জেলার পাঁচটি প্রতিষ্ঠানের নাম পরিবর্তন করেছে অন্তর্বর্তী সরকার। দেশজুড়ে মোট ৯৭৭টি প্রতিষ্ঠান ও অবকাঠামোর নাম পরিবর্তনের প্রক্রিয়ায় মেহেরপুরে যেসব প্রতিষ্ঠান নতুন নাম পেয়েছে, সেগুলো হলো মুজিবনগর থানা, গাংনী ও মেহেরপুরের দুইটি শেখ রাসেল মিনি স্টেডিয়াম, মুজিবনগর সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ছহিউদ্দীন টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট।

সরকারি সূত্রে জানা গেছে, নতুন নামকরণে স্থানীয় ইতিহাস, ভৌগোলিক বৈশিষ্ট্য এবং জনগণের মতামত বিবেচনায় নেওয়া হয়েছে। 'ছহিউদ্দীন টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট'-এর নতুন নাম হয়েছে 'মেহেরপুর টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট'। 'শেখ রাসেল মিনি স্টেডিয়াম, গাংনী' এবং 'শেখ রাসেল মিনি স্টেডিয়াম, মেহেরপুর' নাম দুটি পরিবর্তন করে রাখা হয়েছে যথাক্রমে 'উপজেলা মিনি স্টেডিয়াম গাংনী' ও 'উপজেলা মিনি স্টেডিয়াম মেহেরপুর সদর'। 'মুজিবনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়'-এর নাম পরিবর্তন করে রাখা হয়েছে 'ভবরপাড়া মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়'। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, সিদ্ধান্তটি রাজনৈতিক উদ্দেশ্য নয়, বরং স্থানীয় জনগণের চাহিদা ও ইতিহাসের প্রতি সম্মান প্রদর্শনের অংশ হিসেবে নেওয়া হয়েছে। তবে, মুজিবনগর উপজেলার নাম পরিবর্তনের বিষয়ে এখনো কোনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি।

নাম পরিবর্তনকে কেন্দ্র করে স্থানীয় মহলে দেখা

২-এর পৃষ্ঠা দেখুন




## মুজিবনগরে পিএফজি'র ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত

মুজিবনগর প্রতিনিধি

"সংঘাত নয়, শান্তি ও সম্প্রীতির বাংলাদেশ গড়ি" এই স্লোগানকে সামনে রেখে মুজিবনগর পিস ফ্যাসিলিটেটর গ্রুপ (পিএফজি) এর ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার সকালে মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়। সভাটি এফসিডিও'র অর্থায়নে দি হাঙ্গার প্রজেক্টের এমআইপিএস প্রকল্পের আওতায় আয়োজিত হয়।

সভায় রাজনৈতিক, ধর্মীয় ও নৃগোষ্ঠীগত সম্প্রীতি বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়। এর মধ্যে রয়েছে পিস ফ্যাসিলিটেটর বেসিক ট্রেনিং (পিএফবিটি), ইয়ুথ লিডারশিপ ডেভেলপমেন্ট ট্রেনিং ও পিস ইভেন্ট বাস্তবায়ন। সভায় প্রধান অতিথি ছিলেন যশোর অঞ্চলের ফিল্ড সমন্বয়কারী মো. আশরাফুজ্জামান এবং পিএফজি সমন্বয়কারী মো. ওয়াজেদ আলী খান। সভাপতিত্ব করেন বীর মুক্তিযোদ্ধা মো. সাবদার আলী। সভা পরিচালনা করেনা করেন পিস অ্যাম্বাসেডর মুনশী মো. মোকাদ্দেস হোসেন। সভায় আরও উপস্থিত ছিলেন: উপজেলা জামায়াত ইসলামী বাংলাদেশের সেক্রেটারি মো. খাইরুল বাশার, পেশ ইমাম

২-এর পৃষ্ঠা দেখুন

## পারমাণবিক ইস্যুতে যুক্তরাষ্ট্রের সঙ্গে বৈঠকের কোনো পরিকল্পনা নেই: ইরান

সূর্যোদয় ডেস্ক

ইরান জানিয়েছে, পারমাণবিক ইস্যু নিয়ে যুক্তরাষ্ট্রের সঙ্গে নতুন করে কোনো আলোচনায় বসার পরিকল্পনা তাদের নেই। দেশটির পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি বলেন, "যুক্তরাষ্ট্র একদিকে আলোচনায় বসে, অন্যদিকে আমাদের পারমাণবিক স্থাপনাগুলোর ওপর হামলায় ইসরায়েলকে সমর্থন দেয়ড়এ ধরনের দ্বিমুখী নীতির সঙ্গে আমরা আর কোনো সংলাপে যাব না।" শুক্রবার রাষ্ট্রীয় টেলিভিশনে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি এ মন্তব্য করেন। তুরস্কভিত্তিক বার্তাসংস্থা আনাদোলু এক প্রতিবেদনে এই তথ্য

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে ধর্মীয় উৎসবমুখর পরিবেশে রথযাত্রা অনুষ্ঠিত

মেহেরপুর প্রতিনিনিধি

সনাতন ধর্মাবলম্বীদের অন্যতম ধর্মীয় উৎসব শ্রীশ্রী জগন্নাথদেবের রথযাত্রা উৎসবমুখর পরিবেশে মেহেরপুরে পালিত হয়েছে। শুক্রবার বিকেল ৫টার দিকে শহরের হরিসভা মন্দির চত্বর থেকে বর্ণাঢ্য শোভাযাত্রার মাধ্যমে এই উৎসবের সূচনা হয়। সনাতনী ধর্মাচার ও প্রথা অনুসরণ করে শুরু হওয়া রথযাত্রা শহরের বিভি-ন্ন সড়ক প্রদক্ষিণ শেষে পুনরায় হরিসভা ২-এর পৃষ্ঠা দেখুন

## 'উপযুক্ত পরিবেশে' বাংলাদেশের সাথে আলোচনায় আগ্রহী ভারত

সূর্যোদয় ডেস্ক

ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল জানিয়েছেন, বাংলাদেশ ও ভারতের মধ্যে কূটনৈতিক সম্পর্ক বহু পুরনো এবং ঘনিষ্ঠ। তবে দুই দেশের মধ্যে সব বিষয়ে আলোচনার জন্য 'উপযুক্ত পরিবেশ' থাকা জরুরি। তিনি বলেন, "আমরা বাংলাদেশসহ প্রতিবেশী দেশগুলোর সঙ্গে সব বিষয়ে আলোচনা করতে সদা প্রস্তুত, তবে সেটা হতে হবে পারস্পরিক উপকারে উপযোগী ও গঠনমূলক পরিবেশে।"

এই মন্তব্য এসেছে এমন এক সময়ে, যখন ভারতের সংসদের পররাষ্ট্র বিষয়ক স্থায়ী কমিটি 'ভারত-বাংলাদেশ সম্পর্কের ভবিষ্যৎ' শীর্ষক একটি বিশেষ আলোচনার আয়োজন করেছে। আলোচনায় অংশ নিতে আমন্ত্রিত

২-এর পৃষ্ঠা দেখুন



## কলম্বোতে ইনিংস ব্যবধানে হারের শঙ্কায় বাংলাদেশ

সূর্যোদয় ডেস্ক

সিরিজের দ্বিতীয় টেস্টে শ্রীলঙ্কার বিপক্ষে চরম ব্যাটিং ব্যর্থতায় ভুগছে বাংলাদেশ। গল টেস্টে লড়াকু মানসিকতার পরিচয় দিলেও কলম্বোতে এসে যেন ছন্দ হারিয়ে ফেলেছে শান্তর দল। তৃতীয় দিন শেষে নিজেদের দ্বিতীয় ইনিংসে ৬ উইকেটে মাত্র ১১৫ রান তুলেছে বাংলাদেশ। এখনও তারা পিছিয়ে আছে ৯৬ রানে, হাতে রয়েছে কেবল ৪ উইকেট। ইনিংস ব্যবধানে হারের শঙ্কা এখন স্পষ্ট।

প্রথম ইনিংসের মতো দ্বিতীয় ইনিংসেও ব্যর্থ হয়েছেন টপ অর্ডারের ব্যাটাররা। এনামুল হক বিজয় দ্বিতীয় টেস্টেও ব্যর্থতার বৃত্ত ভাঙতে পারেননি। ১৯ রানে ফিরে যান তিনি। এরপর দ্রুতই সাজঘরে ফেরেন সাদমান ইসলাম (১২) ও মুমিনুল হক (১৫)। মাঝের সারিতে কিছুটা লড়াইয়ের চেষ্টা করেন শান্ত (১৯) ও মুশফিক (২৬), কিন্তু সেট হয়ে যাওয়ার পরও উইকেট বিলিয়ে দিয়েছেন তারা। দিন শেষে লিটন দাস ১৩ রান নিয়ে অপরাজিত আছেন, তবে অন্যপ্রান্তে সহায়তার ঘাটতি প্রবল। প্রতিপক্ষের স্পিন ও পেসের সম্মিলিত আক্রমণের বিপরীতে বাংলাদেশি ব্যাটারদের দুর্বলতা ফের স্পষ্ট হয়ে উঠেছে। ব্যাটিং লাইনআপের এই ভেঙে পড়া দলের মনোবলকেও প্রশ্নবিদ্ধ করছে। ক্রিকেট বিশ্লেষকদের মতে, পরিকল্পনার

২-এর পৃষ্ঠা দেখুন

## বাংলাদেশি প্রতিষ্ঠানের ওপর নিষেধাজ্ঞা দিতে ইইউকে অনুরোধ করবে ইউক্রেন

সূর্যোদয় ডেস্ক

বাংলাদেশে রপ্তানিকৃত গমের উৎস নিয়ে প্রশ্ন তুলে ইউক্রেন এবার ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) কাছে বাংলাদেশের কয়েকটি প্রতিষ্ঠানের ওপর নিষেধাজ্ঞা আরোপের অনুরোধ করতে যাচ্ছে। ইউক্রেনের অভিযোগ, রাশিয়ার দখলকৃত অঞ্চল থেকে 'চুরি হওয়া' গম রপ্তানি হচ্ছে বাংলাদেশে, এবং এই বিষয়ে একাধিকবার সতর্কতা পাঠালেও বাংলাদেশের পক্ষ থেকে কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি। শুক্রবার (২৭ জুন) বার্তাসংস্থা রয়টার্স প্রকাশিত এক বিশেষ প্রতিবেদনে এই তথ্য উঠে এসেছে। সেখানে বলা হয়, নয়াদিল্লিতে ইউক্রেন দূতাবাস ২০২৪ সালের শুরুর দিক থেকেই বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ে

২-এর পৃষ্ঠা দেখুন

### অনুকাব্য

**মুজিব নগরে ৭৯ টন সরকারি চালের হদিস নেই**

**মামুনুর রশিদ মামুন**

চাল চেলেচো চাল মেরেছো
আর কি করে খাবিড়-
উপযুক্ত তদন্ত হলেই
শাস্তি এবার পাবি ড়-।
আমজনতা উঠলে জেগে
বুজবি তুই বাঁচাড়-
গারদ ঘরে ঢুকলে পরে
তবেই হবি সোজা -।

## মেহেরপুরে বিদেশি পিস্তল ও ককটেলসহ বিএনপি নেতা আটক

মেহেরপুর প্রতিনিধি




মেহেরপুরের গাংনী উপজেলায় যৌথ বাহিনীর অভিযানে বিদেশি একটি পিস্তল, একটি ম্যাগাজিন ও তিনটি ককটেল বোমাসহ রায়-পুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক জাফর আলী (৫০) কে আটক করা হয়েছে। গতকাল শুক্রবার (২৭ জুন) ভোরে উপজেলার এলাঙ্গী গ্রামে তার নিজ বাড়িতে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটক জাফর আলী ওই গ্রামের মৃত মোহাম্মদ আলীর ছেলে।

যৌথবাহিনী সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে বাংলাদেশ সেনাবাহিনীর গাংনী ক্যাম্পের মেজর ফজলে রাব্বীর নেতৃত্বে এই অভিযান পরিচালিত হয়। অভিযানে সেনাবাহিনীর একটি দল ও গাংনী থানার পুলিশ অংশ নেয়। জাফর আলীর বসতঘরে তল্লাশি চালিয়ে অস্ত্র

২-এর পৃষ্ঠা দেখুন



## গোরস্থান ব্যবস্থাপনায় নতুন কমিটি স্থানীয়দের আশাবাদ

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর সদর উপজেলার আলমপুর, ধোসার পাড়া, নোনা পাড়া ও গাড়াডোব ব্রিজ পাড়া এলাকার গোরস্থান ব্যবস্থাপনায় শৃঙ্খলা ও উন্নয়নের লক্ষ্যে একটি নতুন পরিচালনা কমিটি গঠন করা হয়েছে।

মোঃ ইদ্রিস আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় সর্বসম্মতিক্রমে এ কমিটি গঠিত হয়। নবগঠিত কমিটিতে মোঃ আজিম উদ্দিন সভাপতি, মোঃ মেহেদী হাসান রাজু সাধারণ সম্পাদক এবং মোঃ আনজারুল ইসলাম কোষাধ্যক্ষ হিসেবে দায়িত্ব গ্রহণ করেন।

কমিটি গঠন অনুষ্ঠানে স্থানীয় ব্যক্তিবর্গের মধ্যে কমর উদ্দিন, মোঃ আবুল হাসেম প্রমুখ উপস্থিত ছিলেন। বক্তারা নতুন কমিটির প্রতি আস্থা প্রকাশ করে বলেন, বহুদিন ধরে অবহেলিত থাকা গোরস্থানের পরিচর্যা ও ব্যবস্থাপনায় এই কমিটি কার্যকর ভূমিকা রাখবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

স্থানীয়দের মতে, একটি সক্রিয় ও সচ্ছ কমিটি থাকলে গোরস্থানের রক্ষণাবেক্ষণ, পরিষ্কার-পরিচ্ছন্নতা, নিরাপত্তা এবং পরিবেশ উন্নয়নে তাৎপর্যপূর্ণ পরিবর্তন আসবে। ধর্মীয় ও সামাজিক দায়িত্ববোধ থেকে এমন উদ্যোগে এলাকার

২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ শনিবার ॥ ১৪ আষাঢ় ১৪৩২ বাংলা ॥ ২৮ জুন ২০২৫ইং


# মেহেরপুর বিশ্ববিদ্যালয় শিক্ষা কার্যক্রম শুরুর জন্য প্রস্তুত: উপাচার্য



মেহেরপুর প্রতিনিধি:
অবকাঠামোগত সীমাবদ্ধতা থাকলেও এখনই শিক্ষা কার্যক্রম শুরু করা সম্ভব বলে মন্তব্য করেছেন মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর বকতিয়ার উদ্দিন। তিনি জানান, প্রয়োজনীয় অনুমোদন পেলে চলতি শিক্ষাবর্ষ থেকেই বিশ্ববিদ্যালয়ের পাঠদান কার্যক্রম শুরু করা যাবে।

সাংবাদিকদের প্রশ্নের জবাবে উপাচার্য বলেন, "গত বছরের ৩ ডিসেম্বর আমি উপাচার্যের দায়িত্ব গ্রহণ করেছি। দায়িত্ব নেওয়ার পর থেকেই বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম চালুর জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছি। মেহেরপুর সরকারি ডিগ্রি কলেজের কাছ থেকে তিনটি কক্ষ ব্যবহারের অনুমতি নেওয়া হয়েছে এবং কলেজ কর্তৃপক্ষ প্রয়োজনে আরও সহযোগিতার আশ্বাস দিয়েছে। উপাচার্য আরও বলেন, "চলতি শিক্ষাবর্ষে ৫টি বিষয়ের অনুমোদনের জন্য শিক্ষা মন্ত্রণালয়ে আবেদন করেছি। খুব শিগগিরই শিক্ষা উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ করে বিষয়গুলোর প্রয়োজনীয়তা তুলে ধরবো। মেহরপুরের সন্তান প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দার এই বিষয়টিকে গুরুত্ব দিয়ে দেখছেন এবং সব ধরনের সহযোগিতা করছেন। তিনি মেহেরপুরে তিনবার সফর করেছেন মুলত বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম এগিয়ে নেওয়ার জন্য। এদিকে বিশ্ববিদ্যালয়ের জন্য ১০০ একর জমি অধিগ্রহণের প্রক্রিয়াও দ্রুতগতিতে এগিয়ে চলছে। ইতোমধ্যে নির্ধারিত স্থানে ডিজিটাল জরিপের কাজ সম্পন্ন হয়েছে। জেলা প্রশাসনের কর্মকর্তারা চূড়ান্ত পরিদর্শনে যাবেন। পরবর্তীতে জেলা প্রশাসনের সুপারিশ শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হবে এবং অনুমোদন পেলে জমি অধিগ্রহণ কার্যক্রম শুরু হবে। উল্লেখ্য, ২০২২ সালে 'মুজিবনগর বিশ্ববিদ্যালয়, মেহেরপুর আইন-২০২২'-এর

২-এর পৃষ্ঠা দেখুন



## মাকে হাসপাতালে নিয়ে যাওয়ায় দেরি, পরীক্ষা থেকে বঞ্চিত আনিসা পাচ্ছেন পরীক্ষার সুযোগ

সূর্যোদয় ডেস্ক

পারিবারিক দায়িত্ব থেকে স্ট্রোক করা মাকে নিয়ে হাসপাতালে যান আনিসা আহমেদ নামে এক এইচএসসি শিক্ষার্থী। এজন্য পরীক্ষার হলে ঢোকার সময় পার হওয়ায় বসতে পারেননি পরীক্ষায়। তবে তিনি পরীক্ষার সুযোগ পাচ্ছেন বলে জানা গেছে।

বৃহস্পতিবার (২৬ জুন) রাত পৌনে ১২টার দিকে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে দেওয়া এক পোস্টে বিষয়টি জানিয়েছেন বাংলাদেশ সুপ্রিম কোর্টের সিনিয়র অ্যাডভোকেট (ব্যারিস্টার-অ্যাট-ল) মো. রুহুল কুদ্দুস। ফেসবুক পোস্টে তিনি লিখেছেন, 'আলহামদুলিল্লাহ। এইচএসসি পরীক্ষার্থী আনিসার সঙ্গে আমার মাত্র কথা হয়েছে। তার নাম আনিসা আহমেদ। আনিসার অসুস্থ মা ও তার কলেজ, ঢাকা শিক্ষাবোর্ড ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ মো. আসাদুজ্জামান স্যারের সঙ্গে আমার কথা হয়েছে। বাঙলা কলেজের জাতীয়তাবাদী ছাত্রদল কর্মী শিব্বির আহমেদ উসমানি আমাকে যোগাযোগ করিয়ে দিয়েছেন।'

'আনিসার বাবা দুই বছর আগে ইন্তেকাল করেছেন। অসুস্থ মাকে দেখাশোনার জন্য আনিসাই একমাত্র অবলম্বন। শিক্ষকরা এই ছাত্রীকে সর্বাত্মক সহযোগিতা করছেন। আজও তারা শিক্ষা উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ করার চেষ্টা

২-এর পৃষ্ঠা দেখুন

## হাসিনার দেশত্যাগের ব্রেকিং নিউজে সোপা অ্যাওয়ার্ড পেলেন শফিকুল আলম

নিজস্ব প্রতিবেদক

জুলাই গণঅভ্যুত্থান এবং সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেশ ছেড়ে পালানো বিষয়ে সাহসী প্রতিবেদন প্রকাশের স্বীকৃতি হিসেবে 'সোসাইটি অব পাবলিশার্স ইন এশিয়া (সোপা) অ্যাওয়ার্ডস ২০২৫' পেয়েছেন আন্তর্জাতিক সংবাদ সংস্থা এএফপি'র সাবেক ঢাকা ব্যুরো প্রধান শফিকুল আলম।

বর্তমানে বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের প্রেস সচিব হিসেবে দায়িত্বরত রয়েছেন তিনি।

বৃহস্পতিবার নিজের ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টে দেওয়া পোস্টে পুরস্কারপ্রাপ্তির বিষয়টি

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে নির্বাচনী প্রস্তুতিতে জামায়াত, বলছে: মানুষ এখন আমাদের দেখতে চায় - জেলা জামায়াতের সেক্রেটারি

মেহেরপুর প্রতিনিধি



দীর্ঘ ১৩ বছর বন্ধ থাকার পর, গত ৫ আগস্ট থেকে মেহেরপুর জেলা জামায়াত ইসলামীর কার্যালয় পুনরায় চালু হয়েছে। বর্তমানে জেলার বিভিন্ন ওয়ার্ড পর্যায়ে সংগঠনের কার্যক্রম চালু রয়েছে বলে জানিয়েছেন মেহেরপুর জেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারি ইকবাল হোসেন।

দৈনিক আমাদের সূর্যোদয়-এর সাথে একান্ত সাক্ষাৎকারে তিনি বলেন, "২০১০ সাল থেকে আমাদের অফিস বন্ধ ছিল। ৫ আগস্টের পর থেকে সাংগঠনিকভাবে আমরা পুরো জেলায় সক্রিয় হয়েছি। জাতীয় সংসদ নির্বাচনে আমরা দুইজন প্রার্থী ঘোষণা করেছি এবং বিভিন্ন এলাকায় পরিচিতি সভায় ব্যাপক সাড়া পাচ্ছি।"তিনি অভিযোগ করেন, বিএনপি-আওয়ামী লীগের দখলদারিত্ব ও সহিংস রাজনীতির সঙ্গে জামায়াতের কোনো সম্পৃক্ততা নেই। "১৭ বছর ধরে এক পক্ষ ভোগ করেছে, আরেক পক্ষের ক্ষুধা থেকেই গেছে এই অনুভূতির জায়গা থেকেই সাধারণ মানুষ এখন বিকল্প চায়," বলেন ইকবাল হোসেন। তিনি আরও বলেন, "জামায়াতে কেউ চাঁদাবাজি বা সন্ত্রাসে জড়ায় না। কেন্দ্রীয় সিদ্ধান্ত অনুযায়ী আমরা নিজস্ব অর্থায়নে দল চালাই। আমাদের নেতাকর্মীদের নির্দেশনা রয়েছেড়্পকেটের টাকা দিয়েই রাজনীতি করতে হবে।" নির্বাচন নিয়ে প্রশ্ন

২-এর পৃষ্ঠা দেখুন



## ঝিনাইদহে ট্রেন দুর্ঘটনায় মানসিক রোগী যুবকের মর্মান্তিক মৃত্যু

ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহের কালীগঞ্জে ট্রেনে কাটা পড়ে মেহেদী হাসান (২৬) নামে এক যুবক নিহত হয়েছেন। শুক্রবার (২৭ জুন) সকাল সাড়ে ৫টার দিকে উপজেলার মোবারকগঞ্জ রেলস্টেশন ইয়ার্ডে মালবাহী ট্রেনের নিচে পড়ে এই দুর্ঘটনা ঘটে। নিহত মেহেদী কালীগঞ্জ পৌরসভার কাশিপুর গ্রামের বাসিন্দা ও মুক্তার হোসেনের ছেলে।

স্থানীয় সূত্রে জানা গেছে, মেহেদী হাসান দীর্ঘদিন ধরে মানসিক অসুস্থতায় ভুগছিলেন। তিনি কিছুদিন আগে পাবনার একটি মানসিক হাসপাতাল থেকে চিকিৎসা শেষে বাড়িতে ফেরেন। তার চলাফেরা ও আচরণ ছিল অনিয়মিত ও ভারসাম্যহীন। পরিবার ও প্রতিবেশীদের ভাষ্য অনুযায়ী, মেহেদী প্রায়শই বাড়ির আশেপাশে ঘোরাফেরা করতেন এবং মাঝে মাঝে এলোমেলো আচরণ করতেন।

প্রত্যক্ষদর্শীরা জানান, শুক্রবার ভোরে মোবারকগঞ্জ রেলস্টেশনের ইয়ার্ডে একটি মালবাহী ট্রেনের বগিগুলো চার নম্বর লাইনে নেওয়ার জন্য 'সানটিং' (বগি স্থানান্তর) কার্যক্রম চলছিল। এ সময় মেহেদী ট্রেন লাইনের আশেপাশে ঘোরাঘুরি করছিলেন। হঠাৎ করেই তিনি চলন্ত বগির নিচে পড়ে যান। ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। তার দেহ গুরুতরভাবে বিকৃত হয়ে যায়।

এ বিষয়ে মোবারকগঞ্জ রেলস্টেশনের স্টেশন মাস্টার অরুপ বিশ্বাস জানান, "সকাল সাড়ে পাঁচটার দিকে স্টেশনের ভেতরে একটি মালবাহী ট্রেন পাথর বোঝাই কিছু বগি চার নম্বর লাইনে

৩-এর পৃষ্ঠা দেখুন

## সামাজিক ব্যবসা মাধ্যমে 'একটি সুন্দর ও উন্নত বিশ্ব' গড়ে তোলা সম্ভব: প্রধান উপদেষ্টা

নিজস্ব প্রতিবেদক

সামাজিক ব্যবসার (সোশ্যাল বিজনেস) রূপান্তর সক্ষম শক্তি এবং এর মাধ্যমে ইতিবাচক টেকসই পরিবর্তন আনার শক্তিশালী উপায়ের ওপর গুরুত্ব দিয়ে প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস বলেছেন, সামাজিক ব্যবসা শুধু বাংলাদেশ নয়, বরং পুরো বিশ্বকে বদলে দেওয়ার ক্ষমতা রাখে এবং নতুন সভ্যতাও তৈরি করতে পারে। এই ব্যবসার মাধ্যমে 'একটি সুন্দর ও উন্নত বিশ্ব' গড়ে তোলা সম্ভব, যা বর্তমানের হতাশা থেকে মুক্তি এনে তাৎপর্যপূর্ণ রূপান্তর ঘটাতে পারবে।

শুক্রবার সাভারের জিরাবো সামাজিক কনভেনশন সেন্টারে দু'দিনের 'সোশ্যাল বিজনেস ডে'-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে ১৫তম সামাজিক ব্যবসা দিবসের উদ্বোধন হয়। অনুষ্ঠানে প্রধান উপদেষ্টা মূল বক্তা হিসেবে যোগ দেন। ইউনূস সেন্টার ও গ্রামীণ গ্রুপ যৌথভাবে ১৫তম সামাজিক ব্যবসা দিবসের আয়োজন করেছে।

'সবার জন্য স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণে সর্বোত্তম পথ হলো সামাজিক ব্যবসা' এই প্রতিপাদ্যকে সামনে রেখে এবারের সামাজিক ব্যবসা দিবস

২-এর পৃষ্ঠা দেখুন



## শিয়ালের সঙ্গে ধাক্কায় সিএনজি উল্টে গৃহবধূ নিহত

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়া-রাজবাড়ী আঞ্চলিক মহাসড়কে শিয়ালের সঙ্গে ধাক্কায় একটি সিএনজিচালিত অটোরিকশা উল্টে গিয়ে নাছিমা খাতুন (৫০) নামে এক গৃহবধূ নিহত হয়েছেন। দুর্ঘটনায় তার স্বামী আহত হয়েছেন। বৃহস্পতিবার (২৬ জুন) রাত ১২টার দিকে কুমারখালীর সৈয়দ মাসুদ রুমী সেতু এলাকায় এ দুর্ঘটনাটি ঘটে।

নিহত নাছিমা খাতুন কুমারখালী উপজেলার যদুবয়রা ইউনিয়নের জোতমোড়া গ্রামের পল্লী চিকিৎসক আব্দুল মজিদের স্ত্রী। শুক্রবার (২৭ জুন) বাদ জুমা তাকে জোতমোড়া ও বরইচারা কবরস্থানে দাফন করা হয়।

## প্রধান উপদেষ্টা-সিইসির বৈঠকের বিষয়ে পরিষ্কার ধারণা দেয়ার দাবি সালাহউদ্দিনের

নিজস্ব প্রতিবেদক

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দীনের বৈঠকে ফেব্রুয়ারিতে নির্বাচন নিয়ে আলোচনা হয়েছে বলে ধারণা বিএনপির। তবে তাদের বৈঠকের বিষয়টি স্পষ্ট করার দাবি জানিয়েছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ। তিনি বলেন, 'বিএনপির ধারণা ফেব্রুয়ারিতে নির্বাচন বিষয়ে আলোচনা করেছেন প্রধান উপদেষ্টা ও সিইসি। বিএনপি মনে করছে নির্বাচন সংক্রান্ত প্রস্তুতি সেপ্টেম্বরের মধ্যেই নেওয়া সম্ভব।'

গতকাল শুক্রবার বিকেলে রাজধানীর গুলশানে নিজ বাসায় সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়ে তিনি এ কথা জানান।

সালাহউদ্দিন আহমেদ বলেন, 'বৈঠকে প্রধান উপদেষ্টা হয়ত তার ম্যাসেজ সিইসিকে জানিয়েছেন ফেব্রুয়ারিতে নির্বাচন ধরে প্রস্তুতি নিতে। এটি আমাদের ধারণা। উভয় পক্ষ থেকে বার্তা আসলে সেটি স্পষ্ট হবে।'

জাতীয় নির্বাচনের আগে স্থানীয় সরকার নির্বাচন হওয়ার কোনো সুযোগ নেই জানিয়ে তিনি বলেন, 'জাতীয় নির্বাচনের ব্যাপারে সব দলই একমত। যদি তাই হয়, তবে এই ঘোষিত সময়ের মধ্যে স্থানীয় নির্বাচন করা অসম্ভব।'

## মালয়েশিয়ায় ৩৬ বাংলাদেশি আটক


আন্তর্জাতিক ডেস্ক

চলতি সপ্তাহে মালয়েশিয়ার পুলিশ এক অভিযানে ৩৬ বাংলাদেশি নাগরিককে আটক করেছে। সেখানকার আইনশৃঙ্খলা বাহিনীর অভিযোগ, তাদের চরমপন্থি মতাদর্শ ও সহিংস চিন্তাধারায় পরিচালিত একটি জঙ্গি সংগঠনের সঙ্গে জড়িত বলে শনাক্ত করা হয়েছে। মালয়েশিয়ার স্বরাষ্ট্রমন্ত্রী দাতুক সেরি সাইফুদ্দিন নাসুশন ইসমাইল জানান, ২৪ এপ্রিল শুরু হওয়া অভিযানটি সেলাঙ্গর ও জোহর অঞ্চলে তিন ধাপে পরিচালিত হয়। তাদের মধ্যে পাঁচজনের বিরুদ্ধে শাহ আলম ও জোহর বারুর সেশন আদালতে সন্ত্রাসবাদ সংশ্লিষ্ট অপরাধের ধারায় অভিযোগ আনা হয়েছে।

তিনি বলেন, ১৫ জনের বিরুদ্ধে দেশে ফেরত পাঠানোর (ডিপোর্টেশন) আদেশ জারি করা হয়েছে এবং ১৬ জনের বিরুদ্ধে এখনো তদন্ত চলছে। গোয়েন্দা তথ্য অনুযায়ী, দলটি মালয়েশিয়ায় আইএসের মতাদর্শ ছড়িয়ে দিয়েছিল এবং নিজেদের কমিউনিটির ভেতরেই নিয়োগ সেল গঠন করেছিল।

সাইফুদ্দিন ইসমাইল বলেন, সেলগুলোর উদ্দেশ্য ছিল উগ্র মতাদর্শ প্রচার, সন্ত্রাসী

৩-এর পৃষ্ঠা দেখুন



## আইন মন্ত্রণালয় আগামী ৬ মাসে ২০ হাজার মিথ্যা মামলা প্রত্যাহার করবে

নিজস্ব প্রতিবেদক

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় আগামী ছয় মাসে কমপক্ষে ২০ হাজার মিথ্যা ও রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত মামলা প্রত্যাহার করতে যাচ্ছে। এর ফলে এই সব মামলায় জড়িত ব্যক্তিরা চিরতরে সকল কলঙ্ক ও কষ্ট থেকে মুক্তি পাবেন।

বৃহস্পতিবার রাজধানীতে এক অনুষ্ঠানে আইন উপদেষ্টা ড. আসিফ নজরুল বলেন, 'আমি মনে করি, মন্ত্রণালয় আগামী ছয় মাসে কমপক্ষে ২০ হাজার মিথ্যা মামলা প্রত্যাহার করবে।'

তিনি আরও বলেন, 'সরকার মিথ্যা বা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত মামলা প্রত্যাহারের একটি সাহসী পদক্ষেপ নিয়েছে

৩-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুর হোটেল বাজার জামে মসজিদের নতুন এডহক কমিটি গঠন

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর শহরের হোটেল বাজার জামে মসজিদের পরিচালনা কমিটি ভেঙে দিয়ে নতুন একটি ৫ সদস্যের এডহক কমিটি গঠন করা হয়েছে। শুক্রবার জুমার নামাজের পর অনুষ্ঠিত এক সভায় এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়। নতুন এডহক কমিটির আহ্বায়ক হিসেবে দায়িত্ব পেয়েছেন জহুরুল ইসলাম। যুগ্ম আহ্বায়ক হিসেবে রয়েছেন কে এম আহসানুল্লাহ ও আব্দুল বারী ফারুক। কমিটির অন্যান্য সদস্য হলেন হাবিব ইকবাল ও আব্দুস সাত্তার মুক্তা। সভায় স্থানীয় মুসল্লি ও ৩-এর পৃষ্ঠা দেখুন


ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কতৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭
ই-মেইল : surjonews@gmail .com

## বাবার জন্য দোয়া চাইলেন পিয়া জান্নাতুল

বিনোদন ডেস্ক

মডেল-অভিনেত্রী ও সুপ্রিম কোর্টের আইনজীবী জান্নাতুল ফেরদৌস পিয়ার বাবা মাহমুদ হাসান চৌধুরী সোমবার (২৩ জুন) সন্ধ্যায় খুলনার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি।

এদিকে বাবার জন্য দোয়া চেয়ে এক আগেবঘন পোস্ট দিয়েছেন জান্নাতুল ফেরদৌস পিয়া। একটি ছবি শেয়ার করে তিনি লিখেছেন, 'ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন আমার আব্বু মাহমুদ হাসান চৌধুরী, ২৩ জুন ২০২৫ বিকেল ৫টা ১৫ মিনিটে আমাদের সবাইকে ছেড়ে চিরদিনের জন্য চলে গেছেন।'

তার কথায়, 'বুঝে উঠতে পারছি না কী লিখবো আব্বুর এমন হঠাৎ চলে যাওয়ার জন্য আমি কখনোই মানসিকভাবে প্রস্তুত ছিলাম না। হয়তো কেউই কখনো প্রস্তুত থাকে না বাবা-মা হারানোর জন্য কেউই কখনো সত্যিকারেরভাবে প্রস্তুত থাকে না।'

জান্নাতুল ফেরদৌস পিয়ার ভাষ্যে, 'সবার কাছে দোয়া চাই, আল্লাহ যেন আব্বুকে জান্নাতুল ফেরদৌস দান করেন এবং তাঁর কবরকে শান্তিময় ও নূরে ভরে তোলেন। আমিন।'

প্রসঙ্গত, ২০০৭ সালে মিস বাংলাদেশ প্রতিযোগিতায় বিজয়ী হন পিয়া। এরপর কর্মজীবন শুরু করেন র‌্যাম্প মডেলিংয়ের মাধ্যমে ২০০৮ সালে। ফ্যাশন মডেল হিসেবে পাশাপাশি একাধিক ব্র্যান্ডের টেলিভিশন বিজ্ঞাপনে কাজ করেছেন। ২০১২ সালে 'চোরাবালি' সিনেমা অভিনয়ের মধ্য দিয়ে চলচ্চিত্রে তার অভিষেক ঘটে।



### কেমন আছেন সবার প্রিয় ফেরদৌসী রহমান

# আজ এই কিংবদন্তির জন্মদিন

বিনোদন প্রতিবেদক

বাংলা সঙ্গীতের জীবন্ত কিংবদন্তি ফেরদৌসী রহমান। তার হাত ধরেই বাংলাদেশ টেলিভিশনে যাত্রা শুরু হয় গান শেখার অনুষ্ঠান 'এসো গান শিখি'। তিনি সবার কাছে খালামণি হিসেবেও পরিচিত। প্রায় পাঁচ দশক ধরে তার সংগীত জগতে পদচারণা চলছে। পল্লীগীতি, রবীন্দ্রসংগীত, নজরুলসংগীত, আধুনিকসহ সব ধরনের গানই তিনি করেছেন।

তার পিতা ছিলেন পল্লীগীতি গায়ক আব্বাস উদ্দিন। ছোটবেলায় গানে হাতে খড়ি হয় তার পিতার কাছে। পরবর্তীতে ওস্তাদ মোহাম্মদ হোসেন খসরু, ইউসুফ খান কোরেইশী, কাদের জামেরী, গুল মোহাম্মদ খান প্রমূখ সংগীতজ্ঞের কাছে তালিম নিয়েছেন। খুব অল্প বয়স থেকে তিনি মঞ্চে পারফরম্যান্স শুরু করেন। মাত্র ৮ বছর বয়সে রেডিওতে খেলাঘর নামের অনুষ্ঠানে অংশ নেন।

তার উল্লেখযোগ্য কিছু গানের মধ্যে- কথা বলো না বলো ওগো বন্ধু, আমি কার জন্য পথ চেয়ে রব, আমি রুপনগরের রাজকন্যা, প্রাণ সখিরে ঐ শোন কদম্বতলে, যে জন প্রেমের ভাব জানে না, আমি সাগরেরও নীল নয়নে মেখেছি, ও মোর সোনার বন্ধুরে, পদ্মার ঢেউ রে, যার ছায়া পড়েছে মনের আয়নাতে, ও কী ও বন্ধু কাজল ভ্রমরা, গান হয়ে এলে, যেন একমুঠো রজনীগন্ধা, কি করে তোমাকে ভুলবো, ওকি গাড়িয়াল ভাই ইত্যাদি উল্লেখ্য। তিনি দীর্ঘদিন ধরেই নিভৃতে জীবনযাপন করছেন। কোথাও দেখা মেলে না তার। জানা গেল, পরিবারের সদস্যদের সঙ্গে বেশ আনন্দেই কাটছে তার দিনকাল। তিনি সুস্থ আছেন।

আজ এই কিংবদন্তির ৮৪তম জন্মদিন। এ বিশেষ দিনটি উদযাপন করতে চ্যানেল আই আয়োজন করেছে বর্ণাঢ্য বিশেষ অনুষ্ঠান 'তারকা কথন'। সেখানে অতিথি হয়ে হাজির হবেন ফেরদৌসী রহমান। অনেকদিন পর পর্দায় দেখা মিলবে তার।

চ্যানেল আইয়ের পর্দায় দুপুর ১২টা ১০ মিনিটে প্রচারিত হবে এই বিশেষ আয়োজনটি। অনুষ্ঠানে চ্যানেল আইয়ের পরিচালক ও বার্তা প্রধান শাইখ সিরাজ তাকে ফুলেল শুভেচ্ছা জানাবেন। থাকছে ফেরদৌসী রহমানের শৈশব, সংগীতজীবনের নানা অজানা গল্প, স্মৃতিচারণ আর ভালোবাসার বহিঃপ্রকাশ। অনুষ্ঠানে আরও উপস্থিত থাকবেন 'এসো গান শিখি' খ্যাত দুই প্রিয় মুখ মিঠু ও মন্টি। তারা একদল নতুন প্রজন্মের শিশুদের সঙ্গে নিয়ে গুণী এই শিল্পীকে শুভেচ্ছা জানাবেন। এছাড়া উপস্থিত থাকবেন 'এসো গান শিখি'-র প্রযোজক মেনোকা হাসান এবং এই প্রজন্মের জনপ্রিয় কণ্ঠশিল্পী কনা। অনুষ্ঠানটি উপস্থাপনা করবেন সানজিদা এবং প্রযোজনায় থাকবেন অনন্যা রুমা।

## হিরো আলমকে বুকে জড়িয়ে যা বললেন রিয়ামনি

বিনোদন প্রতিবেদক

হিরো আলম বগুড়ায় বন্ধুর বাড়িতে বেড়াতে গিয়ে সেখানেই আত্মহত্যার চেষ্টা করেছেন। এ খবর মুহূর্তেই সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়তে তার কাছে ছুটে যান তার স্ত্রী রিয়ামনি। সেখানে গিয়ে রিয়ামনি তার সোশ্যাল মিডিয়ায় কয়েকটি ছবি পোস্ট করে একটি স্ট্যাটাস দিয়েছেন। এতে তিনি লেখেন, 'সম্পর্ক গড়ে তুলতে যেমন সময় লাগে, সম্পর্ক ভেঙে দিতেও তেমন সময় লাগে। সম্পর্ক গড়ে ওঠে দুজনের মতে আর ভেঙে যায় তৃতীয় পক্ষের কারণে।'

বগুড়া থেকে রিয়ামনি বলেন, 'বগুড়া এসে তার (হিরো আলম) সার্বিক বিষয় জেনেছি। এখন তাকে নিয়ে আমি ঢাকার দিকে রওনা দিয়েছি। সেখানে তাকে ভালো কোনো হাসপাতালে নিয়ে চিকিৎসা করাব।'

একটি সূত্রে জানা যায়, হিরো আলমের স্ত্রী রিয়ামনির সঙ্গে অনেকদিন ধরে সম্পর্কের টানাপড়েন যাচ্ছে। তাই তিনি হতাশায় এমন সিদ্ধান্ত নিয়েছেন।

হিরো আলমের আত্মহত্যা চেষ্টার খবর রিয়ামনি জানতে পেরে বগুড়ার দিকে রওনা দেন। যাওয়ার পথে তিনি জাগো নিউজকে, 'সকালে এ ঘটনা শোনার পরে আমি রাওনা দিয়েছি বগুড়ায় উদ্দেশ্য। এখনো এ ঘটনার বিস্তারিত আমি জানি না। তবে শুনেছি রাতে তার বন্ধু নাট্যকার জাহিদ হাসান সাগরের বাসায় ছিল। অচেতন অবস্থায় ধুনট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়া হয়েছে। এখন বগুড়া শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়েছে।'

## ঝিনাইদহে ট্রেন দুর্ঘটনায় মানসিক

নেওয়ার সময় ওই যুবক ট্রেনের নিচে পড়ে যান। আমরা সঙ্গে সঙ্গে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে বিষয়টি জানিয়েছি।"

খবর পেয়ে কালীগঞ্জ থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মরদেহ উদ্ধার করে এবং সুরতহাল প্রতিবেদন তৈরি করে। প্রাথমিকভাবে এটি দুর্ঘটনা বলেই ধারণা করা হচ্ছে। তবে আইনানুগ প্রক্রিয়া শেষে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

স্থানীয় বাসিন্দারা জানান, রেলস্টেশন সংলগ্ন এলাকায় নিরাপত্তাব্যবস্থা দুর্বল। মানসিক রোগী বা পথচারীদের অবাধ বিচরণের কারণে প্রায়ই দুর্ঘটনার ঝুঁকি দেখা দেয়। তারা স্টেশন এলাকায় নিরাপত্তা ও নজরদারি বাড়ানোর দাবি জানিয়েছেন।

## মালয়েশিয়ায় ৩৬ বাংলাদেশি আটক

কর্মকাণ্ডের জন্য অর্থ সংগ্রহ এবং শেষ পর্যন্ত নিজ দেশের বৈধ সরকার উৎখাত করা। মালয়েশিয়া কখনো কোনো বিদেশি উগ্রবাদী আন্দোলনের জন্য নিরাপদ আশ্রয়স্থল হবে না।

মন্ত্রী বলেন, আমরা স্থানীয় ও আন্তর্জাতিক নিরাপত্তা সংস্থাগুলোর সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করব, যেন মালয়েশিয়া শান্তিপূর্ণ, স্থিতিশীল এবং সন্ত্রাসী হুমকি থেকে মুক্ত থাকে। এই দেশকে কোনো সন্ত্রাসী সংগঠনের অপারেশনাল ঘাঁটি বা ট্রানজিট পয়েন্ট হিসেবে ব্যবহারের চেষ্টা করলে কঠোর, দ্রুত ও কার্যকর ব্যবস্থা নেওয়া হবে।

## মেহেরপুর হোটেল বাজার জামে

গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন। নতুন কমিটি মসজিদের সার্বিক ব্যবস্থাপনা ও শৃঙ্খলা রক্ষায় দায়িত্ব পালন করবে বলে জানানো হয়।

## আইন মন্ত্রণালয় আগামী ৬ মাসে ২০

এবং ইতোমধ্যেই প্রায় ১২ হাজার মামলা প্রত্যাহারের সুপারিশ করেছে, যা কমপক্ষে ৩ লাখ মানুষের জীবনকে প্রভাবিত করে।'

আইন মন্ত্রণালয় সূত্র জানায়, আইন উপদেষ্টা ড. আসিফ নজরুলের নেতৃত্বে গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটি এ পর্যন্ত (২৮ মে পর্যন্ত) ১৬টি বৈঠকে ১১ হাজার ৪৪৮টি রাজনৈতিক মামলা প্রত্যাহারের প্রস্তাব করেছে এবং এ বিষয়ে আরও কাজ চলছে।

ফ্যাসিবাদী শাসনামলে বিরোধী রাজনৈতিক নেতা-কর্মীদের হয়রানির উদ্দেশ্যে দায়ের করা মামলা প্রত্যাহারের জন্য রাজনৈতিক দলগুলোর সহায়তাও চেয়েছিল তারা।

বিভিন্ন রাজনৈতিক দলের পক্ষ থেকে রাজনৈতিক মামলা প্রত্যাহারে সরকার কর্তৃক অবহেলার অভিযোগের প্রেক্ষাপটে মন্ত্রণালয় এই আহ্বান জানিয়েছে।

মন্ত্রণালয় সূত্র জানায়, জেলা পর্যায়ের কমিটি ও আইন মন্ত্রণালয়ের সলিসিটর শাখা প্রেরিত তালিকা ও সংশ্লিষ্ট নথি পর্যালোচনা করে কমিটি রাজনৈতিক মামলা প্রত্যাহারের সুপারিশ করছে।

এতে আরও উল্লেখ করা হয়েছে যে, রাজনৈতিক দলগুলোও প্রক্রিয়াটি ত্বরান্বিত করার জন্য আন্তঃমন্ত্রণালয় কমিটিতে রাজনৈতিক মামলার তালিকা পাঠাতে পারে।

এর আগে ড. আসিফ নজরুল বলেছিলেন, 'এই পরিপ্রেক্ষিতে, বিএনপি ১৪ জানুয়ারি, ২০২৫ সালের মধ্যে প্রায় ১৬ হাজার মামলার তালিকা পাঠিয়েছিল এবং বাংলাদেশ জামায়াতে ইসলামী ২৭ এপ্রিল, ২০২৫ সালের মধ্যে ১ হাজার ২০০টি মামলার তালিকা পাঠিয়েছিল।'

তবে তিনি নিশ্চিত করেছেন যে, আন্তঃমন্ত্রণালয় কমিটি, নিজস্ব উদ্যোগে কাজ করে, ইতোমধ্যেই প্রায় অর্ধেক মামলা প্রত্যাহারের সুপারিশ করেছে।

আইন উপদেষ্টা রাজনৈতিক দল দুটিকে তাদের মামলার তালিকার সঙ্গে প্রাথমিক তথ্য প্রতিবেদন (এফআইআর) ও চার্জশিট (যেখানে প্রযোজ্য) এর মতো প্রাসঙ্গিক নথি না পাঠানোর জন্যও দোষারোপ করে বলেছেন যে, এটি মামলা প্রত্যাহার বিলম্বিত হওয়ার প্রধান কারণ।

উপদেষ্টা সম্প্রতি তার যাচাইকৃত ফেসবুক অ্যাকাউন্টে একটি পোস্টে বলেছেন, 'অন্যদিকে, হেফাজতে ইসলাম বাংলাদেশ, ২০ মে, ২০২৫ তারিখে ৪৪টি মামলার তালিকা দাখিল করেছে। মামলাগুলোর নথি পর্যালোচনা করে দ্রুত ব্যবস্থা নেওয়া হচ্ছে।'

ইতোমধ্যে এই মামলাগুলো দ্রুত নিষ্পত্তির জন্য মামলার তালিকাসহ এফআইআর ও চার্জশিট জমা দিতে আইন মন্ত্রণালয় রাজনৈতিক দলগুলোর প্রতি আহ্বান পুনর্ব্যক্ত করেছে।

## মুখ খুললেন ঐশ্বরিয়া শর্মা বিনোদন ডেস্ক

তারকা দম্পতি নীল ভাট ও ঐশ্বরিয়া শর্মাকে নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়েছিল বিচ্ছেদের গুঞ্জন। এই গুজবে এবার মুখ খুলেছেন ঐশ্বরিয়া শর্মা। নিজের ইনস্টাগ্রাম স্টোরিতে তিনি ক্ষোভ প্রকাশ করেছেন।

ঐশ্বরিয়া তার ইনস্টা স্টোরিতে স্পষ্ট জানিয়েছেন, তার নীরবতার মানে দুর্বলতা নয় এবং তার ব্যক্তিগত জীবন কারো প্রচারের সামগ্রী নয়। বৃহস্পতিবার তিনি একটি সংবাদ প্রতিবেদন শেয়ার করে লিখেছেন, 'আমি দীর্ঘ দিন ধরে চুপ করে আছি, এর মানে এই নয় যে আমি দুর্বল, আমি শুধু শান্তি বজায় রাখছি।'

'কিন্তু আপনারা কেউ কেউ এমন কিছু লিখছেন যা আমি কখনোই বলিনি, এমন ন্যারেটিভ তৈরি করছেন যা আমি কখনোই সমর্থন করি না। কোনো রকম তথ্য বা আমার জবাবদিহিতা ছাড়াই নিজেদের প্রচারের জন্য অনেকে আমার নাম ব্যবহার করছেন, এটা খুবই দুঃখজনক।'



## কে এই শত্রু, যার জন্য মায়া লাগছে প্রভার

বিনোদন প্রতিবেদক

অভিনয়ের পাশাপাশি সামাজিক যোগাযোগ মাধ্যমেও বেশ সরব জনপ্রিয় অভিনেত্রী সাদিয়া জাহান প্রভা। নিয়মিত বিভিন্ন বিষয়ে কথা বলেন। তবে অভিনেত্রীর নতুন এক ফেসবুক পোস্ট নেটিজেনদের মাঝে কিছুটা রহস্য ছড়িয়েছে! সেখানে প্রভা তার এক শত্রুকে নিয়ে কথা বলেছেন। তবে তিনি তার সেই শত্রুর নাম উল্লেখ করেননি।

নিজের বার্তায় প্রভা বোঝাতে চেয়েছেন, ব্যক্তিগত বিরোধ থাকলেও একজন নারীর কষ্ট বা অপমান তাকে কোনোভাবেই আনন্দ দিতে পারে না। বরং তিনি সেই দুঃখে সহমর্মী হয়ে ওঠেন। এদিকে, শোবিজে যেহেতু এই মুহূর্তে আলোচনায় গায়িকা দিলশাদ নাহার কনার বিয়ে বিচ্ছেদের খবর তাই সবার ধারণা সেদিকেই ইঙ্গিত করেছেন প্রভা।

বৃহস্পতিবার (২৬ জুন) নিজের ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্ট থেকে একটি নতুন স্ট্যাটাস দিয়েছেন প্রভা। তিনি লেখেন, 'শত্রুপক্ষের দুঃখের দিনেও আনন্দ হচ্ছে না, বরং মায়া লাগছে। কী করব, আমি মানুষ তো! মেয়ে মানুষ, নারী হয়ে নারীর দুঃখের দিনে নারীকেই অসম্মান করার পারিবারিক শিক্ষা, যোগ্যতা কোনোটাই আমার নাই।'

কনা কেন প্রভার শত্রু হলেন, সেই আলোচনাও চলছে। কেউই নির্দিষ্ট করে কিছু বলতে পারছেন না। তবে প্রভার সংসার ভাঙার পর ন্যান্সি ও প্রভার রহস্যময় পোস্টগুলো বেশ উপভোগ করছেন সবাই।

২০০৫ সালে মডেলিংয়ের মাধ্যমে অভিনয় জগতে পা রাখেন প্রভা। এরপর একের পর এক নাটকে অভিনয় করে দর্শকদের মনে জায়গা করে নেন তিনি। অভিনয়ের পাশাপাশি নিজেকে একজন দক্ষ মেকআপ আর্টিস্ট হিসেবেও গড়ে তুলেছেন এই অভিনেত্রী। নিউইয়র্কের 'দ্য মেকআপ একাডেমি' থেকে প্রশিক্ষণ নিয়েছেন তিনি

নিউ স্কয়ার ল্যাব
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড,মেহেরপুর।
সিরিয়ালের জন্য মোবাইল নম্বর ঃ ০১৮৫৮-৯৫৬৯৩৩
মেডিসিন, নিউরো, বক্ষব্যাধি, ডায়াবেটিস, গ্যাস্টলিভার, ব্যাতব্যাথা ও মনোরোগ চিকিৎসক
ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার
এমবিবিএস (আরইউ), ডিএফএম (বিসিএমইউ), এফসিপিএস পার্ট-১, পিজিটি (মেডিসিন), সিসিডি (বারডেম)
প্রতি শুক্রবার সকাল ৯ টা হইতে সন্ধ্যা ৬ টা পর্যন্ত রুগী দেখেন।
মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্ত চাপ, বাত ব্যাথা, ডায়াবেটিস, লিভার ও জন্ডিস রোগ চিকিৎসক
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির
এমবিবিএস (ঢাকা) সিসিডি বারডেম, সিএমইউ (আল্ট্রা)
প্রতিদিন সকাল ১০ টা হইতে দুপুর ২টা, বিকাল ৩ ট হতে রাত্রী ৮ টা পর্যন্ত রুগী দেখে।
স্ত্রী, প্রসুতি ও গাইনী রোগ চিকিৎসক
ডাঃ তাসমেরী নাহার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা পর্যন্ত রুগী দেখেন।
নিঃসন্তান, বন্ধ্যাত্ব, গর্ভকালীন বিভিন্ন সমস্যা, শিশু ও গাইনী রোগের সকল চিকিৎসা প্রদান করেন
ডাঃ সেজুঁতি মেহেতাজ
এমবিবিএস (রাজশাহী), বিসিএস (স্বাস্থ্য)
প্রতিদিন বিকাল ৩টা হইতে রাত্রী ৮টা পর্যন্ত রুগী দেখেন।
মেডিসিন, বাতজ্বর, উচ্চ রক্তচাপ, ব্যাত ব্যাথা রোগের চিকিৎসক
ডাঃ ফরহাদ পারভেজ
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা পর্যন্ত রুগী দেখেন।

মোল্লা ডায়াগনষ্টিক এন্ড কনসালটেশন সেন্টার
হাসপাতাল বাজার (পোস্ট অফিসের পশ্চিমে) গাংনী, মেহেরপুর।
সিরিয়ালের জন্য: ০১৭৯৮-০১০৭০৭
ডাঃ মোঃ মশিউর রহমান মোল্লা
স্পেশালিষ্ট পেইন এন্ড ক্রিটিক্যাল মেডিসিন
এম.বি.বি.এস, সি.সি, ডি-ডায়াবেটলজি (বারডেম) ডিএ-ডিপ্লোমা ইন এনেসথেশিয়া, পেইন এন্ড ক্রিটিক্যাল কেয়ার মেডিসিন (বিএসএমএমই এফ.আই.পি.এম- ফেলোশিপ ইন ইন্টারন্যেশনাল পেইন ম্যানেজমেন্ট (ইন্ডিয়া) কনসালটেন্ট (এনেসথেশিয়া)-রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখার সময় : শুক্র থেকে মঙ্গলবার সকাল ১০টা হতে বিকাল ৫টা পর্যন্ত
ডাঃ মোঃ আলী হায়দার
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য) এমএস (অর্থোপেডিক-সার্জারী) জুনিয়র কনসালটেন্ট দৌলতপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কুষ্টিয়া।
প্রতি শুক্রবার সকাল ০৯টা হতে বিকাল ৫টা পর্যন্ত
মেডিসিন, গাইনী ও প্রসূতী
ডাঃ তাসনিম সুলতানা
এমবিবিএস (আর ইউ ) ডি এম ইউ (ডিপ্লোমা ইন মেডিকেল আল্ট্রাসাউন্ড) স্পেশাল ট্রেইন্ডইন টিভিএস ও কালার ডপলার মেডিকেল অফিসার মোল্লা ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টার
প্রতি শনি-বৃহস্পতিবার সকাল ৯টা-বিকাল ৩টা পর্যন্ত
ডাঃ মোঃ আফজালুর রহমান সিদ্দিকী (মুকুল)
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) মাস্টার্স ইন লেপ্রোলজী (জাপান) ভারপ্রাপ্ত কনসালটেন্ট (সাবেক) চর্ম, যৌন ও সেক্স রোগ বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। সাবেক কনসালটেন্ট, ইসলামী ব্যাংক মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী।
প্রতি শনিবার সকাল ৯টা হতে বিকেল ৪টা পর্যন্ত
মেডিসিন, চর্ম ও শিশু রোগে অভিজ্ঞ
ডাঃ মোঃ ফারুক হোসেন
এমবিবিএস (সিএমসি), বিসিএস (স্বাস্থ) পিজিটি (মেডিসিন) মেডিকেল অফিসার
গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স গাংনী, মেহেরপুর
ডাঃ মোঃ সেলিম উদ্দীন
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য) এফ.সি.পি.এস (মেডিসিন) এম.ডি: রেসিডেন্ট গ্যাস্ট্রোএন্টেরোলজি কনসালটেন্ট (মেডিসিন) ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।
প্রতি শুক্রবার দুপুর ৩টা হতে রাত ৮টা পর্যন্ত

মাইক্রোপ্যাথ ল্যাব
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল রোড, মেহেরপুর।
মোবাইল ঃ ০১৭২৬-৪০৫৩৩৪, সিরিয়াল ঃ ০১৭৮৮-২২১৩৩৫
গাইনী ও প্রসূতি বিশেষজ্ঞ ও সার্জন
ডাঃ সোনিয়া আহমেদ
এম.বি.বি.এটা (রাজ), বি.সি.এস (স্বাস্থ্য), ডিজিও (বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়), কনসালটেন্ট গাইনী এন্ড অবস রোগী দেখার সময় : প্রতি রবি ও বুধবার দুপর ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত
মেডিসিন, হৃদরোগ (হার্ট), বাতজ্বর ও ডায়াবেটিস বিশেষজ্ঞ
ডাঃ মোঃ শাহিদুল ইসলাম (শাহিদ)
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য), এমডি (কার্ডিওলজি) এফসিপিএস, মেডিসিন (শেষ পর্ব), জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট, ঢাকা।
রোগী দেখার সময় : বৃহস্পবির বিকাল ৪টা থেকে রাত্রি ৮টা এবং শুক্রবার সকাল ৯টা থেকে
মেডিসিন ও ক্রিটিক্যাল কেয়ার বিশেষজ্ঞ
ডাঃ মোঃ মাহবুবুর রহমান
এম.বি.বি.এস, বি,সি.এস (স্বাস্থ্য) , এম.ডি (ক্রিটিক্যাল কেয়ার মেডিসিন-থিসিস), ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর ।
রোগী দেখার সময়: প্রতি শনি থেকে বৃহস্পতিবার দুপুর ২:৩০ হতে বিকাল ৫:৩০ পর্যন্ত।
(প্রসূতি ও স্ত্রী রোগ) অভিজ্ঞ
ডাঃ মেশকাতুন নেছা রিমা
এম.বি.বি.এস, পিজিটি (গাইনী এন্ড অবস), এফসিপিএস পার্ট-১ (গাইনী এন্ড অবস), সি এম ইউ (আল্ট্রা), (প্রসূতি ও স্ত্রী রোগ) অভিজ্ঞ
রোগী দেখার সময় ঃ প্রতিদিন সকাল ৯টা থেকে দুপুর ২টা ও বিকাল ৪টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত। শুক্রবার ব্যতিত
বিঃদ্রঃ এখানে নিয়মিত কালার ডপলার ইকো করা হয়।
গাইনী, প্রসূতি, স্ত্রীরোগ বিশেষজ্ঞ ও সার্জন
ডাঃ শাহারিয়া শায়লা
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (গাইনী এন্ড অবস্) এফপি এমসিপিএস (গাইনী এন্ড অবস্), ডিজিও-ফাইনাল, সিএমইউ (আল্ট্রাসনোগ্রাফী), কনসালটেন্ট (প্রসূতি ও স্ত্রী রোগ), তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর। রোগী দেখার সময় ঃ প্রতি সোম ও মঙ্গলবার দুপুর ৩ টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত। যোগাযোগ সাপেক্ষে

রাজশাহী ডায়াগনস্ট্রিক সেন্টার
জেনারেল হাসপাতাল রোড, মেহেরপুর
সিরিয়াল : ০১৭৯২-১০৭৯৫০, ০১৭১৪-৮৩৮৬১১
ডাঃ ফাতেমা জান্নাত
এমবিবিএস (ঢাকা) সিএমমইউ আল্ট্রা, পিজিটি (শিশু), মেডিশিন ও গাইনী মেডিকেল অফিসার, রাজশাহী ডায়াগনস্ট্রিক সেন্টার, মেহেরপুর।
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ৯ টা থেকে দুপুর ২টা ও বিকাল ৪ টা থেকে রাত ৮ টা।
ডা রবিউল ইসলাম আবির
এমবিবিএস (ঢাকা) সিএমমইউ আল্ট্রা
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা থেকে রাত ৮ টা।
ডাঃ ফরহাদ পারভেজ
এমবিবিএস, বিসিএস( স্বাস্থ্য) মেডিকেল অফিসার মেহেরপুর জেনারেল হাসপাতাল
রোগী দেখার সময় : প্রতিদিন দুপুর ২ টা থেকে রাত ৮ টা।
ডাঃ আকতার উজ্জামান
এমবিবিএস, ডিএমসি, ডিএমইউ( আল্টা)
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা থেকে দুপুর ১ টা ও বিকাল ৪টা থেকে সন্ধ্যা ৭ টা

রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।
মোবাইল : ০১৭৬৬-৪৮৭৪০৯, ০১৭৬৮-৩৭৭১৯১, ০১৭৪০-৩৮৮৭৮৯
ডাঃ বি ডি দাস (পিকলু)
এম. বি. বি. এস, বি. সি. এস (স্বাস্থ্য), সি. এম. ইউ (আল্ট্রাসনো) ব্যাত ব্যথা, শিরা ও সার্জারী রোগের চিকিৎসক রোগী দেখার সময় : প্রতিদিন বেলা ২ টা হতে সন্ধ্যা ৭ টা পর্যন্ত


করবি ক্লিনিক এন্ড ডায়াগনষ্টিক সেন্টার
সততা সুপার মার্কেট বা ( হাজি ইছার উদ্দিনের মার্কেট)
বামুন্দি বাজার, গাংনী, মেহেরপুর।
অগ্রীম সিরিয়ালের জন্য যোগাযোগ : ০১৭৩৮-১৩১৮১৩
নিউরো মেডিসিন ও উচ্চ রক্ত চাপ ডায়াবেটিস,স্ট্রোক প্যারালাইসিস রোগের চিকিৎসা ও পরামর্শ দিচ্ছেন
ডাঃ মোঃ মোস্তাফিজুর রহমান
এমবিবি এস ( ঢাকা মেডিকেল কলেজ), বিসিএিস (স্বাস্থ্য), ইসিআরডি ( সুইজারল্যান্ড), এমএসিপি (আমেরিকা), (এমডি ফিজিক্যাল মেডিসিন), কনসালটেন্ট। কুস্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল রুগী দেখার সময় প্রতি বুধবার দুপুর ২ টা থেকে রাত ৮ পা পর্যন্ত
মহিলাদের সকল প্রকার বন্ধ্যাত্ব, ঋতু স্রাব, অনিয়মিত মাসিক, গর্ভবতি মা ও শিশু, স্ত্রী ও প্রসূতি রোগে অভিজ্ঞ
ডাঃ ইশরাত জেরিন (ইভা)
এমবিবিএস, পিজিটি (গাইনী এন্ড অবস) , সিএমইউ (আল্ট্রা), স্ত্রী ও প্রসুতী রোগের বিশেষ অভিজ্ঞ রুগী দেখার সময় প্রতি সোমবার দুপুর ২:৩০ টা থেকে রাত ৮ পা পর্যন্ত

বিসমিল্লাহ্ ফামেসী
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু

সকল প্রকার দেশ-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪৩৩৩৮৬

ত্রয়ী স্টোর এন্ড বুটিকস
স্টাইলে থাকুন, ট্রাডিশনে ফিরুন!
শাড়ি হোক বা সালোয়ার কামিজ, ওয়েস্টার্ন টপ হোক কিংবা হ্যান্ডলুম কুর্তি– ত্রয়ী তে পাওয়া যায় ট্রাডিশন আর ট্রেন্ডের এক অনন্য মিশেল!
✓ এক্সক্লুসিভ বুটিক পোশাক
✓ হাতে তৈরি দেশি জামাকাপড়
✓ দেশি-বিদেশী কসমেটিকস
✓ কুকারিজ আইটেম
✓ ইউনিক গিফট আইটেম
✓ কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা

ফ্যাশনের সাথে আপনিও বদলান, নিজের মতন স্টাইলে
কেএন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০৩৭৯৫

জনতা ক্লিনিক এন্ড ডায়াগনষ্টিক সেন্টার
জেনারেল হাসপাতাল রোড, বিএডিসি'র সামনে, মেহেরপুর
যোগাযোগঃ সিরিয়াল : ০১৩২৮-৯৮৬১১১,
পরিচালক ঃ ০১৭৯৫-৯০৯৫৮৫, ০১৭১১-০৫১১১৪
নবজাতক, শিশু, কিশোর ও কিশোরী রোগ বিশেষজ্ঞ
ডাঃ ফারহানা ফেরদৌসী
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য) এমডি (নিওনেটোলজি) বিএসএমএমইউ সিসিডি (বারডেম), সিএমইউ (আল্ট্রাসনোগ্রাফি) কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা থেকে দুপুর ২ টা পর্যন্ত।
রক্তনালী (শিরা), হৃদরোগ, বক্ষব্যাধি, জেনারেল সার্জারী বিশেষজ্ঞ ও সার্জন
ডাঃ মোঃ মাহমুদুর রহমান (শিমুল)
এম.বি.বি.এস (এস.এস.এম.সি),বিসিএস (স্বাস্থ্য) এম.এস (কার্ডিওভাসকুলার এন্ড থোরাসিক সার্জারী) এফ.সি.পি.এস (এফপি)-জেনারেল সার্জারী জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা। ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল রোড, মেহেরপুর।
রোগী দেখার সময় : প্রতিদিন দুপুর ২ টা থেকে বিকাল ৪টা পর্যন্ত (শুক্রবার বাদে)।
স্ত্রী, পসূতি ও বন্ধ্যত্ব রোগ চিকিৎসক সার্জন
ডাঃ মোছাঃ সাদিয়া আফরিন (সোমা)
এমবিবিএস, এসএসএমসি, বিসিএস(স্বাস্থ্য), সিএমইউ( আল্ট্রাসনোগ্রাফি), এফসিপিএস ( শেষ পর্ব) স্ত্রী রোগ ও প্রসূতিবিদ্যা বিভাগ, ২৫০ শয্যা বিশিষ্ট্য জেনারেল হাসপাতাল ,মেহেরপুর, এক্স সহকারি রেজিস্টার, কুস্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল।
চর্ম, যৌন ও এলার্জি রোগ বিশেষজ্ঞ
ডাঃ মোঃ আফজালুর রহমান সিদিকী (মুকুল)
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) মাস্টার্স ইন লেপ্রোলজী (জাপান) এ ভারপ্রাপ্ত কনসালটেন্ট (সাবেক) চর্ম, যৌন ও এলার্জি রোগ বিভাগ, ঢাকা মেডিকেল কলেহ হাসপাতাল, সাবেক কনসালটেন্ট, ইসলামী ব্যাংক মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী।
রোগী দেখার সময় প্রতি মঙ্গলবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত ।

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
ঢাকা,শনিবার, ২৮ জুন ২০২৫ ইং

## পরিচ্ছন্নতা ব্যবস্থায় অব্যবস্থা: দায় শুধু পৌরসভার নয়

পরিচ্ছন্ন নগরী একটি সভ্য সমাজের পরিচায়ক। অথচ মেহেরপুর শহরের চিত্র তার সম্পূর্ণ বিপরীত। রাস্তার মোড়ে মোড়ে জমে থাকা ময়লার স্তূপ শুধু শহরের সৌন্দর্যকেই নষ্ট করছে না, স্বাস্থ্যঝুঁকিও বাড়িয়ে তুলছে অস্বাভাবিক হারে। শিশু, বৃদ্ধ এবং রোগীরা এর প্রধান ভুক্তভোগী। শহরের বড়বাজার, বোসপাড়া, কাসাড়িপাড়া থেকে শুরু করে শহরতলির কৃষিজমি সবখানেই যেন অপরিকল্পিত বর্জ্য ব্যবস্থাপনার প্রতিচ্ছবি।

এ অবস্থার দায় এককভাবে পৌরসভার ওপর চাপিয়ে দেওয়া গেলেও বিষয়টি নাগরিক দায়বোধের সঙ্গে ওতপ্রোত ভাবে জড়িত। পৌরসভার সীমিত জনবল ও যানবাহন সংকটের কথা অজানা নয়। তবে একইসঙ্গে প্রশ্ন উঠে এই সমস্যা কি শুধু বাজেট সংকটের ফল, নাকি প্রশাসনিক গাফিলতির প্রতিফলন? বড়বাজার বা চায়ের আড্ডা মোড়ের মতো বাণিজ্যিক এলাকার সামনে ময়লার স্তূপ জমে থাকলে শুধু সাধারণ নাগরিকের দুর্ভোগ নয়, অর্থনীতিও ক্ষতিগ্রস্ত হয়। ব্যবসায়ীরা ক্রেতা হারান, আস্থা হারায় পৌর পরিষেবা। অন্যদিকে, কৃষিজমিতে মিলের বর্জ্য ফেলে জমিকে ধ্বংস করা শুধুই এক প্রকার পরিবেশ ধ্বংস নয়, এটি ভবিষ্যৎ খাদ্য নিরাপত্তার প্রতিও হুমকি। কৃষকদের অভিযোগ অগ্রাহ্য করা হলে তা শুধু একটি শ্রেণিকে অবহেলা নয়, বরং দীর্ঘমেয়াদে সমাজ ও রাষ্ট্রকে বিপদে ফেলার শামিল। এই পরিস্থিতি থেকে উত্তরণের পথ একমাত্র সমন্বিত উদ্যোগ। পৌরসভা কর্তৃপক্ষকে অবশ্যই জরুরি ভিত্তিতে যানবাহনের সংখ্যা বাড়ানো, কর্মী নিয়োগ এবং নির্দিষ্ট স্থানে আবর্জনা ফেলার ব্যবস্থা নিশ্চিত করতে হবে। পাশাপাশি নাগরিকদের সচেতন হতে হবে; দায়িত্বহীন ভাবে ময়লা ফেলে দিয়ে নিজেই বিপদ ডেকে আনা আত্মঘাতী আচরণ ছাড়া কিছু নয়।

পরিচ্ছন্ন শহর গড়ে তোলা কেবল সরকারের একার দায়িত্ব নয়, এটি নাগরিক দায়িত্বও বটে। একে পালনে ব্যর্থ হলে ভবিষ্যৎ প্রজন্মের কাছে দায়ী থাকতে হবে আমাদের সবাইকেই।

## ডেঙ্গুর বিস্তার রোধে তৎপরতা বাড়ান

ডেঙ্গু ভাইরাস এডিস ইজিপ্টি নামক মশার কামড়ে মানুষের দেহে সংক্রমিত হয়। প্রতিবছরই বাংলাদেশে বর্ষা ও গ্রীষ্মকালে ডেঙ্গুর প্রকোপ বেড়ে যায়। মে মাসে এই বৎসরের সর্বোচ্চ আক্রান্ত দেড় সহস্রাধিক মানুষ হাসপাতালে ভর্তি হয়েছেন। ঋতুচক্রের নিয়ম অনুসারে বর্ষা আসার পূর্বে গ্রীষ্মেও বৃষ্টিপাত বিরল নয়। এইবার নিম্নচাপের কারণে ঢাকাসহ সমগ্র দেশেই বর্ষণ হয়েছে। এরমধ্যে রয়েছে ভ্যাপসা গরমও। বিশেষজ্ঞগণের অভিমত, এইরূপ আবহাওয়া এডিস মশার বংশবৃদ্ধির জন্য খুবই অনুকূল। ভাইরাসজনিত এ রোগ, প্রতিবছর অনেক মানুষের জীবন হুমকির মুখে ফেলে। তাই এই রোগের ভয়াবহতা, স্বাস্থ্যঝুঁকি এবং প্রতিরোধের উপায় সম্পর্কে সচেতনতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ডেঙ্গু সাধারণত ৫-৭ দিন স্থায়ী হয়, তবে কিছু ক্ষেত্রে এটি মারাত্মক রূপ নিতে পারে। মারাত্মক অবস্থায় ডেঙ্গু হেমোরেজিক ফিভারে রক্তনালি ক্ষতিগ্রস্ত হয়, রক্তপাত হয় এবং প্লাটিলেট কমে যায়। ডেঙ্গু শক সিনড্রোমে রক্তচাপ হঠাৎ কমে গিয়ে মৃত্যু পর্যন্ত হতে পারে। এছাড়াও লিভার, কিডনি ও হৃৎপিণ্ডের ক্ষতি হতে পারে। এমন সব পরিণতি থেকে বাঁচতে ডেঙ্গু প্রতিরোধের মূলমন্ত্র হলো মশার বিস্তার রোধ এবং ব্যক্তিগত সুরক্ষা নিশ্চিত করা। বাড়ির আশেপাশে পরিষ্কার থাকলেও অন্যত্র থেকে আক্রান্ত হয়ে আসা অস্বাভাবিক নয়। তাই মশার কামড় থেকে নিজেকে সুরক্ষিত রাখতে হবে। কীটতত্ত্ববিদ ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক কবিরুল বাশারের নেতৃত্বাধীন গবেষক দল ঢাকাসহ বিভিন্ন এলাকা জরিপ করে দেখেছে, গত বৎসরের মে মাস অপেক্ষা এবারের মে মাসে মশার ঘনত্ব যদ্রুপ অধিক, তদ্রুপ রোগীও অধিক। তাই তাদের আশঙ্কা, এই বছর ডেঙ্গু পরিস্থিতি ঢাকায় তো বটেই, ঢাকার বাহিরের কিছু জেলায় পরিস্থিতির অবনতি হতে পারে। উদ্বেগটা হয়ত এই পর্যায়ে যেত না যদি বিশেষত সরকারের স্বাস্থ্য বিভাগ ও স্থানীয় সরকার মন্ত্রণালয় সময় থাকতে তৎপর হতো। ডেঙ্গু বিষয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ের নির্দেশনা থাকলেও অনেকাংশেই উপেক্ষিত সেই নির্দেশনা। ঢাকার কোনো হাসপাতালে পৃথক ডেঙ্গু ইউনিট স্থাপিত হয়নি। অদ্যাবধি এডিস মশা নিধনে ঢাকার দুই সিটি করপোরেশনও বৃহদাকারে কর্মসূচি গ্রহণ করেনি। চট্টগ্রাম ও অন্যান্য সিটি করপোরেশনও অনুরূপ ঔদাসীন্য প্রদর্শন করছে। কোনো সংক্রমিত রোগ হানা দেওয়ার আগে যে সতর্কতা থাকে, তা আমলে নেওয়া হয় না বললেই চলে। ফলে এর ভুক্তভোগী হতে হয় সাধারণ মানুষকে। এবার বরগুনার ক্ষেত্রেও সেটি দেখা গেল। আগাম সতর্কতা দেওয়ার পরও সেখানে পর্যাপ্ত ব্যবস্থা নেওয়া হয়নি। বিষয়টি খুবই দুঃখজনক। সচেতনতাই ডেঙ্গু প্রতিরোধের হাতিয়ার। ডেঙ্গু কোনো সাধারণ জ্বর নয়, এটি প্রাণঘাতী হতে পারে। তাই সচেতনতা ও প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। জরুরি ভিত্তিতে বরগুনাসহ ঝুঁকিপূর্ণ জেলাগুলোতে ডেঙ্গু মোকাবিলায় বিশেষ মেডিকেল টিম, পর্যাপ্ত চিকিৎসক, ওষুধ এবং আইসোলেশন বেড সরবরাহ করতে হবে। সরকার ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে আরও অধিক তৎপর হতে হবে।

## ইতিহাসের এই দিনে

আলোচিত ঘটনাসমূহ
১২৬৬ - মুসতানসির বিল্লাহ আব্বাসীয় খিলাফত লাভ করেন।
১৩৮৯ - অটোমান সামরিক বাহিনী সার্বিয়ান বাহিনীকে পরাজিত করে।
১৬৫৭ - দারা শিকোহ অনূদিত ‘শিক-ই আকবর’ প্রকাশিত হয়।
১৭৫৭ - নবাব মীর জাফর।
১৭৫৭ - মীর জাফর নবাব হন এবং রবার্ট ক্লাইভ বেঙ্গলের গভর্নর নিযুক্ত হন।
১৭৫৭ - রবার্ট ক্লাইভ বেঙ্গল-এর গভর্নর।
১৮২০ - প্রমাণিত হয় যে টমেটো বিষাক্ত নয়।
১৮৩৮ - ওয়েস্ট মিনস্টার অ্যাবেতে ব্রিটেনের রানী ভিক্টোরিয়ার অভিষেক ঘটে।
১৯১৯ - ভার্সাই চুক্তি, প্রথম বিশ্বযুদ্ধের পরপর যুদ্ধের মিত্রশক্তি ও তৎসংশ্লিষ্ট শক্তিসমূহ এবং জার্মানির মধ্যে সম্পাদিত হয়।
১৯৩৯ - পৃথিবীর প্রথম আটল্যান্টিক পাড়ি দেবার মতো যাত্রীবাহী বিমানের যাত্রা শুরু।
১৯৫৪ - জওহরলাল নেহরু ও চৌ এন লাই ভারত ও চীনের মধ্যে পঞ্চশীলা নীতি ঘোষণা করেন।
১৯৬৩ - ক্রুশ্চেভ পূর্ব বার্লিন সফর করেন।
১৯৬৭ - ইসরাইল কর্তৃক পূর্ব জেরুজালেম দখল হয়।
১৯৭১ - গেরিলাদের শক্তিবৃদ্ধি ও অধিকতর আক্রমণাত্মক তৎপরতা।
১৯৭১ - ইয়াহিয়ার ‘বিশেষজ্ঞ দ্বারা নতুন সংবিধান তৈরি করে বেসামরিক প্রতিনিধিদের কাছে ক্ষমতা হস্তান্তরের আশ্বাস।
১৯৭১ - মার্কিন সরকারের ঘোষণা, অন্যান্য দেশ সাহায্য বন্ধ করলেও পাকিস্তানকে সাহায্যের কর্মসূচি অব্যাহত থাকবে।
১৯৭২ - বাংলাদেশকে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতি দেয় রোমানিয়া।
১৯৭২ - বাংলাদেশকে রুমানিয়ার স্বীকৃতি দান।
১৯৭৩ - বরিশালের চরফ্যাশন থানা লুট।
১৯৭৩ - সংসদে ইউনিয়ন পরিষদ ও পৌরসভা এবং ধানগবেষণা প্রতিষ্ঠান বিল পাশ।
১৯৭৪ - সম্পদের বণ্টন ও অবশিষ্ট পাকিস্তানিদের প্রত্যাবর্তন নিয়ে আলোচনা।
১৯৭৬ - আমেরিকান বিমানবাহিনীতে ও কোস্টগার্ড একাডেমিতে প্রথম মহিলা ক্যাডেটদের অন্তর্ভুক্তি শুরু।
১৯৭৬ - আমেরিকার বিমান ও নৌবাহিনীতে প্রথম মহিলা ক্যাডেট অন্তর্ভুক্ত হয়।
১৯৭৬ - ভারত মহাসাগরের দ্বীপপুঞ্জে সেচিলিসের ১০২ বছর ব্রিটিশ শাসনাধীন থাকার পর স্বাধীনতা লাভ করে।
১৯৭৬ - নির্বাচনী এলাকার চূড়ান্ত তালিকাপ্রকাশ।
১৯৭৭ - বন্যায় ঢাকা-চট্টগ্রাম সড়ক প্লাবিত। নেত্রকোনা শহরে পানি।
১৯৭৭ - ডঃ মুজাফফর আহমদ প্রেসিডেন্টের বস্ত্র উপদেষ্টা নিযুক্ত।
১৯৭৮ - পণ্ডিত অতীশ দীপঙ্কর শ্রীজ্ঞানের দেহভস্ম ঢাকার ধর্মরাজিক বৌদ্ধবিহারে সংরক্ষণ করা হয়।
১৯৭৮ - টাঙ্গাইলে ব্যাপক বর্ষণ, হবিগঞ্জে বন্যার অবনতি।
১৯৭৯ - ময়মনসিংহ পৌর কমিটি স্থগিত।
১৯৮১ - ডেমরার নিকট বাস দুর্ঘটনায় ঘটনাস্থলে ১২ জন নিহত।
১৯৮৩ - ২ কোটি ডলার ও ১ লক্ষ টন মার্কিন গম মঞ্জুরি।
১৯৮৩ - শ্রমিকদের জন্য ৩০ ভাগ পরিপোষক ভাতা ঘোষণা।
১৯৮৫ - শিল্প সংক্রান্ত জাতীয় কাউন্সিল গঠিত।
১৯৮৬ - প্রবীণ রাজনীতিবিদ হাজী দানেশ (৮৪)-এর ইন্তেকাল।
১৯৮৭ - নগরবাড়ি বগুড়া সড়কে নৈশকোচ দুর্ঘটনায় ১৪ জন যাত্রী নিহত।
১৯৮৭ - নয়া আমদানি ও রফতানি নীতি ঘোষণা।
১৯৮৯ - সিনিয়র সার্ভিস পুল বিলুপ্তি ঘোষণা।
১৯৯০ - সারাদেশে বাজেট বিরোধী হরতাল পালিত।

# নবজাতকের পরিচর্যায় যত্ন ও সচেতনতা জরুরি

আশরাফুন নাহার



নবজাতক শব্দটির মাঝেই রয়েছে কোমলতা, স্পর্শকাতরতা ও অসীম সম্ভাবনার প্রতিচ্ছবি। জন্মের পর প্রথম ২৮ দিন একজন শিশুর জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ সময়। এই সময়ে তার সুস্থ বেড়ে ওঠা নির্ভর করে যত্ন, পরিচর্যা এবং পারিপার্শ্বিক পরিবেশের উপর। তাই এ সময়টি এক কথায় ‘জীবনের ভিত্তিপ্রস্তর’। শিশু ভূমিষ্ঠ হওয়ার সাথে সাথেই একটি নতুন চ্যালেঞ্জ শুরু হয় নিজে নিঃশ্বাস নেওয়া, দেহের তাপমাত্রা নিয়ন্ত্রণ, দুধ পান, ঘুম ইত্যাদি। চিকিৎসাবিজ্ঞান এই সময়কে “এড়ষফবহ ঐড়ঁৎ” নামে চিহ্নিত করেছে। এই ‘সোনালি ঘণ্টা’ ও পরবর্তী দিনগুলোতে সঠিক পরিচর্যার অভাব অনেক সময় শিশুর জটিল শারীরিক সমস্যার জন্ম দিতে পারে। সবচেয়ে গুরুত্বপূর্ণ ও প্রাকৃতিক খাবার হলো মায়ের বুকের দুধ। এটি শুধু শিশুর পুষ্টিই জোগায় না, বরং রোগ প্রতিরোধেও বড় ভূমিকা রাখে। প্রথম ৬ মাস একমাত্র বুকের দুধই শিশুর জন্য যথেষ্ট। দুধ খাওয়ানোর সময় সঠিক পজিশন, পর্যাপ্ত সময় ও মায়ের মানসিক প্রস্তুতিড়এই তিনটি বিষয় নিশ্চিত করা প্রয়োজন। শিশুর ঘুমও একটি গুরুত্বপূর্ণ দিক। দিনে-রাতে মিলিয়ে নবজাতক প্রায় ১৮ু২০ ঘণ্টা ঘুমিয়ে থাকে। ঘুমের সময় পরিবেশ শান্ত ও আরামদায়ক হওয়া জরুরি। একইভাবে নরম, পরিচ্ছন্ন এবং নিরাপদ বিছানা শিশুর শারীরিক গঠনে সহায়ক।

নবজাতকের যত্ন শুধু খাবার ও ঘুমেই সীমাবদ্ধ নয়। নাভির পরিচর্যা, পরিষ্কার-পরিচ্ছন্নতা, ত্বক, চোখ, কান, নখ, নাকড়সব কিছুর জন্যই সুনির্দিষ্ট যত্ন ও নিয়ম মেনে চলা জরুরি। অনেকে সময় অসতর্কভাবে শিশুকে গোসল করানোর প্রবণতা দেখা যায়, যা তার শরীরের প্রাকৃতিক সুরক্ষা হারিয়ে ফেলে। তেমনিভাবে ভেজা ডাইপার বা অপরিচ্ছন্ন কাপড়ে রাখলে চামড়ার সমস্যা দেখা দিতে পারে।

এ ছাড়া, শিশুর ঘরে পর্যাপ্ত আলো-বাতাস চলাচল ও সকালের নরম রোদে কিছুক্ষণ রাখাও তার স্বাস্থ্যের জন্য উপকারী। পাশাপাশি শিশুকে কোলে নেওয়ার সময় মাথা ও ঘাড়ের যথাযথ সাপোর্ট নিশ্চিত করা অপরিহার্য। সবচেয়ে বড় কথা, নবজাতক একেকজন একেক রকম ব্যক্তিত্ব, অনুভূতি ও আচরণে ভিন্ন। এই ভিন্নতা গ্রহণযোগ্যতা, সহনশীলতা ও ভালোবাসার মাধ্যমেই লালন করতে হবে। জন্মের পর থেকেই শিশুর প্রতি সহানুভূতিশীল দৃষ্টিভঙ্গি তার সারাজীবনের ব্যক্তিত্ব গঠনে প্রভাব ফেলে। নবজাতকের পরিচর্যা নিয়ে আমাদের সমাজে এখনো কিছু ভুল ধারণা, কুসংস্কার ও অজ্ঞতা কাজ করে, যার ফলে অনেক শিশু জন্মের পরপরই অযথা ঝুঁকিতে পড়ে যায়। এ অবস্থার উত্তরণে প্রয়োজন জনসচেতনতা, মা-বাবার প্রশিক্ষণ ও চিকিৎসা পরামর্শকে গুরুত্ব দেওয়া। একটি শিশুকে সঠিকভাবে লালনপালনের জন্য পুরো পরিবারকেই হতে হবে অংশীদার।

আজকের শিশু আগামী দিনের ভবিষ্যৎ তাকে যত্ন, নিরাপত্তা ও ভালোবাসার মাধ্যমে গড়ে তুললেই আমরা একটি সুস্থ জাতির স্বপ্ন দেখতে পারি।

শেষ কথা: নবজাতকের পরিচর্যা শুধু চিকিৎসা কিংবা নার্সারির দায়িত্ব নয়, এটি একটি পরিবার তথা সমাজের সম্মিলিত দায়িত্ব। সচেতনতা, যত্ন ও সহমর্মিতা থাকলে প্রতিটি শিশুর জন্য জন্মের পরের দিনগুলো হতে পারে নিরাপদ ও আনন্দময়।

(ডেভেলপমেন্টাল থেরাপিস্ট,শিশু বিকাশ কেন্দ্রে,শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ হাসপাতাল, গাজীপুর।)

## ভোগান্তিতে ১০ গ্রামের মানুষ

প্রায় ২০ ভাগ কাজ বাকি রয়ে গেছে। স্থানীয় বাসিন্দা ফজলুল হক ক্ষোভ প্রকাশ করে বলেন, “নতুন ব্রিজ না হওয়ায় ঝুঁকিপূর্ণ একটি পুরনো ভাঙা ব্রিজ দিয়ে চলাচল করতে হচ্ছে। কৃষি পণ্য পরিবহন তো দুরের কথা, মুমূর্ষু রোগী নিয়ে শহরে যেতেও বড় কষ্ট হয়।”

নসিমন চালক রহিম বক্স বলেন, “এই রাস্তাটা ১০ গ্রামের মানুষের একমাত্র চলাচলের পথ। ভাঙা ব্রিজের অবস্থা এতই ভয়ংকর যে যেকোনো সময় বড় দুর্ঘটনা ঘটতে পারে।” অপর এক বাসিন্দা মিঠু বলেন, “ব্রিজের রেলিং না থাকায় গরু-বাছুর পড়ে যাচ্ছে, মোটরসাইকেল, নসিমন উল্টে নিচে পড়ে যাচ্ছে। বাঁকও খুব ঝুঁকিপূর্ণ। বারবার দুর্ঘটনা ঘটছে।” এ বিষয়ে গাংনী উপজেলার এলজিইডি প্রকৌশলী ফয়সাল হোসেন বলেন, “ঠিকাদার সময়মতো কাজ শুরু করতে পারেনি। আমরা বারবার তাগাদা দিয়েছি, কিন্তু তারা এসে কিছুদিন কাজ করে চলে গেছে। ফলে কাজের মেয়াদও কয়েক দফায় বাড়াতে হয়েছে। বর্তমানে পুরোদমে কাজ চলছে এবং আশা করছি আগামী জুনের মধ্যেই ব্রিজটি সম্পন্ন হবে।”

যুগিন্দা, কুচুইখালী, পাকুড়িয়া, কালিদাসপুরসহ অন্তত ১০ গ্রামের মানুষের জন্য এই ব্রিজটি জীবনযাত্রার গুরুত্বপূর্ণ অবলম্বন। বছরের পর বছর ধরে চলমান এই দুর্ভোগ অবসানে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দ্রুত এবং কার্যকর পদক্ষেপ নেবেড়এমনটাই প্রত্যাশা করছে সাধারণ মানুষ।

## মেহেরপুরে শিক্ষকের অভাবে নুয়ে

শিক্ষক নিয়মিত শ্রেণিকক্ষে উপস্থিত থাকতে পারেন না। ফলে প্রকৃতপক্ষে সহকারী শিক্ষকের ঘাটতি পৌঁছেছে প্রায় আড়াই শতে। এতে বছরের একটি বড় সময়জুড়ে অধিকাংশ বিদ্যালয়ে নিয়মিত পাঠদান সম্ভব হচ্ছে না। প্রধান শিক্ষকের শূন্য পদে কোথাও ভারপ্রাপ্ত শিক্ষক দিয়ে, আবার কোথাও চলতি দায়িত্বে শিক্ষাপ্রতিষ্ঠানগুলো চালাতে হচ্ছে। এতে সহকারী শিক্ষকদের ওপর দায়িত্বের চাপ কয়েকগুণ বেড়ে গেছে।

হাসনাবাদ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আলফাজ হোসেন বলেন, “আমাদের বিদ্যালয়ে ৭ জন শিক্ষকের পদ থাকলেও বর্তমানে কর্মরত আছি মাত্র ৪ জন। আমি ২০১৮ সাল থেকে প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করছি। প্রশাসনিক কাজের চাপে নিয়মিত ক্লাস নিতে পারি না।”

তিনি আরও বলেন, “প্রাক-প্রাথমিকসহ একসাথে একাধিক ক্লাস নিতে গিয়ে শিক্ষকরা হাঁপিয়ে উঠছেন। ক্লাসের বাইরে শিশুরা সময় কাটাচ্ছে খেলাধুলা করে।” শহীদ আশরাফুল হাফিজ খান দৃষ্টিনন্দন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জেসমিন শাহানাজ বলেন, “শিক্ষকদের পাঠদানের পাশাপাশি নানা প্রশাসনিক, সাংস্কৃতিক ও কারিকুলামভিত্তিক কাজ করতে হয়। বিষয়ভিত্তিক পাঠদানের ভার যার ওপর থাকে, অতিরিক্ত ক্লাস নেয়ার কারণে অনেক শিক্ষক দায়িত্ব এড়াতে চান।” অভিভাবকরাও শিক্ষার মান নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। অভিভাবক রফিকুল ইসলাম বলেন, “প্রতিদিনই দেখি শিক্ষক না থাকায় ক্লাস বন্ধ থাকে। বাচ্চারা স্কুলে এলেও ক্লাসে থাকতে চায় না। এতে করে পড়ালেখার প্রতি তাদের আগ্রহ কমে যাচ্ছে।” শিক্ষানুরাগী মিজানুর রহমান বলেন, “প্রাথমিক শিক্ষায় শিশুর নৈতিকতা, মূল্যবোধ ও চরিত্রের ভিত্তি তৈরি হয়। অথচ শিক্ষক সংকটে যদি বিদ্যালয়গুলো শুধু চলতি দায়িত্বে চলে, তাহলে ভবিষ্যৎ প্রজন্মের মানসিক বিকাশ ব্যাহত হবে।”

এ প্রসঙ্গে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. রুহুল আমিন বলেন, “প্রধান শিক্ষক পদে পদোন্নতি ও প্রধান-সহকারী শিক্ষকের শূন্য পদে নিয়োগের প্রক্রিয়া চলছে। অনলাইন বদলির মাধ্যমে অনেক পদ শিগগির পূরণ হবে। কোনো বিদ্যালয়ে পাঠদান ব্যাহত হলে তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়া হচ্ছে।”

## মুজিবনগরে পিএফজি’র ত্রৈমাসিক

হাফেজ মো. মতিয়ার রহমান, সাবেক ইউপি চেয়ারম্যান আব্দুল লতিফ, প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজ, সাংবাদিক ডালিম, সনাতন ধর্মের প্রতিনিধি শিক্ষক শ্যামল কুমার, পিস অ্যাম্বাসেডর ঝরনা খাতুন, ইউপি সদস্য রেহানা খাতুন ও শিল্পি খাতুন, খ্রিষ্টান ধর্মের প্রতিনিধি লরেন্স মন্ডল ও মারিও সুশিত মন্ডল, প্রতিবন্ধী ব্যক্তি মো. নজিবর রহমানসহ রাজনৈতিক, ধর্মীয় নেতা, শিক্ষক ও সুশীল সমাজের প্রতিনিধিরা। সভায় প্রশিক্ষণের প্রতি অনাগ্রহী সদস্যদের বাদ দিয়ে আগ্রহীদের নিয়ে পিএফজি কমিটি পুনর্গঠন করা হয়। সব অংশগ্রহণকারী শান্তি ও সহিংসতা নিরসনে একযোগে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন।

## ‘উপযুক্ত পরিবেশে’ বাংলাদেশের

হয়েছেন চারজন খ্যাতনামা বিশেষজ্ঞড় সাবেক জাতীয় নিরাপত্তা উপদেষ্টা শিব শঙ্কর মেনন, অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট জেনারেল আতাউল হাকিম হাশনাইন, ঢাকায় ভারতের সাবেক হাইকমিশনার রিভা গাঙ্গুলী দাস এবং জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক অমিতাভ মাত্তু।

ভারতের সংবাদমাধ্যম দ্য হিন্দু জানিয়েছে, এই আলোচনার প্রাথমিক প্রস্তুতিপত্রে কিছু স্পর্শকাতর বিষয়ের ওপর বিশেষজ্ঞদের মতামত চাওয়া হয়েছে। এর মধ্যে রয়েছে: বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতি ও সম্ভাব্য ক্ষমতার পরিবর্তন, ধর্মীয় উগ্রপন্থার উত্থান, নিরাপত্তা ঝুঁকি সংক্রান্ত বিষয়, শেখ হাসিনার সরকার পতনের পর বাংলাদেশ-চীন কৌশলগত ঘনিষ্ঠতা বিষয়ে ভারতের উদ্বেগ। এছাড়া, সম্প্রতি বাংলাদেশ, চীন ও পাকিস্তানের অংশগ্রহণে আয়োজিত ত্রিপাক্ষিক পরামর্শ সভা সম্পর্কেও ভারত মন্তব্য করেছে। রণধীর জয়সওয়াল বলেন, “আমরা আশপাশের অঞ্চলের বিকাশ এবং সেগুলোর প্রভাব সম্পর্কে নিরবচ্ছিন্ন পর্যবেক্ষণে আছি। প্রতিটি দেশের সঙ্গে আমাদের সম্পর্ক স্বতন্ত্র হলেও তা সময় ও পরিস্থিতির আলোকে বিবেচনা করা হয়।” উল্লেখ্য, ১৯৯৬ সালের গঙ্গা পানিবণ্টন চুক্তি নবায়ন সম্পর্কিত প্রশ্নের প্রেক্ষিতে মুখপাত্র জয়সওয়াল তার বক্তব্য দেন।

## পারমাণবিক ইস্যুতে যুক্তরাষ্ট্রের সঙ্গে

জানিয়েছে। আব্বাস আরাগচি অভিযোগ করে বলেন, “সাম্প্রতিক আলোচনায় যুক্তরাষ্ট্র আমাদের জাতীয় অধিকার খর্ব করার চেষ্টা করেছে। এরপর একপর্যায়ে তারা যুদ্ধ চাপিয়ে দেয় এবং ইসরায়েলি দখলদার শক্তিকে হামলার জন্য উস্কে দেয়।

তিনি আরও জানান, আলোচনার সময় যুক্তরাষ্ট্র একাধিক কূটনৈতিক প্রতিশ্রুতি ভঙ্গ করেছে, যা ভবিষ্যতে ইরানের কূটনৈতিক অবস্থানকে গভীরভাবে প্রভাবিত করবে। তবুও কূটনীতি পুরোপুরি বন্ধ হয়নি। আমি এখনো বিভিন্ন দেশের পররাষ্ট্রমন্ত্রীদের সঙ্গে যোগাযোগ রাখছি। সম্প্রতি যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দাবি করেন, আগামী সপ্তাহে ইরানের সঙ্গে একটি বৈঠকের সম্ভাবনা রয়েছে। এ বিষয়ে আরাগচি বলেন, এ ধরনের কোনো বৈঠকের আয়োজন হয়নি। যুক্তরাষ্ট্রের বক্তব্য নিজেরাই পরস্পরবিরোধী।”

উল্লেখ্য, গত ১৩ জুন ইসরায়েল ইরানের সামরিক, পারমাণবিক এবং বেসামরিক স্থাপনাগুলোর ওপর একযোগে বিমান হামলা চালায়। এতে দুই দেশের মধ্যে ১২ দিন ধরে রক্তক্ষয়ী সংঘর্ষ চলে। ইরানের স্বাস্থ্য মন্ত্রণালয়ের বরাতে জানা গেছে, এই সংঘর্ষে এখন পর্যন্ত অন্তত ৬০৬ জন নিহত এবং ৫ হাজার ৩৩২ জন আহত হয়েছেন। পরিস্থিতি সামাল দিতে গত ২৪ জুন যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় একটি যুদ্ধবিরতি কার্যকর হয়। তবে এখনো ইরান ও ইসরায়েলের মধ্যে উত্তেজনা বিরাজ করছে এবং অঞ্চলটির ভবিষ্যৎ কূটনৈতিক গতিপথ অনিশ্চয়তার মধ্যেই রয়েছে।

## মেহেরপুরে বিদেশি পিস্তল ও

ও বিস্ফোরকদ্রব্যগুলো উদ্ধার করা হয়। পরে তাকে আটক করে প্রাথমিক জিজ্ঞাসাবাদের পর গাংনী থানায় হস্তান্তর করা হয়।

এ বিষয়ে গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বানী ইসরাইল বলেন, “আটক ব্যক্তির বিরুদ্ধে অস্ত্র ও বিস্ফোরক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে দুটি পৃথক মামলা দায়েরের প্রক্রিয়া চলছে। অস্ত্র ও ককটেল কোথা থেকে এসেছে এবং কী উদ্দেশ্যে সেগুলো রাখা হয়েছিল, তা তদন্ত করে দেখা হচ্ছে। আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।”

এই ঘটনায় এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। নিরাপত্তার স্বার্থে আইনশৃঙ্খলা বাহিনী ঘটনাস্থল ও তার আশপাশে টহল জোরদার করেছে।

## কলম্বোতে ইনিংস ব্যবধানে হারের

ঘাটতি ও মানসিক দৃঢ়তার অভাব এই ব্যর্থতার বড় কারণ। একই সঙ্গে প্রশ্ন উঠছে বারবার ব্যর্থ ব্যাটারদের একাদশে সুযোগ পাওয়া নিয়েও।

## গোরস্থান ব্যবস্থাপনায় নতুন কমিটি

সর্বস্তরের জনগণের সহযোগিতা কামনা করা হয়েছে।

## বাংলাদেশি প্রতিষ্ঠানের ওপর

একাধিক কূটনৈতিক বার্তা পাঠিয়েছে। বার্তাগুলিতে রাশিয়ার কাবকাজ বন্দর থেকে পাঠানো ১ লাখ ৫০ হাজার টনের বেশি গমকে ‘চুরি হওয়া’ হিসেবে উল্লেখ করে সেগুলো প্রত্যাখ্যানের অনুরোধ জানানো হয়।

ভারতে ইউক্রেনের রাষ্ট্রদূত ওলেক্সান্ডার পোলিশচুক রয়টার্সকে বলেন, “বাংলাদেশ আমাদের কোনো চিঠির জবাব দেয়নি। আমরা নিশ্চিত হয়েছি যে রাশিয়ার রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের মাধ্যমে দখলকৃত ইউক্রেনীয় অঞ্চল থেকে সংগৃহীত গম রুশ গমের সঙ্গে মিশিয়ে বিভিন্ন দেশে রপ্তানি করা হচ্ছে, যার মধ্যে বাংলাদেশ অন্যতম।”

তিনি আরও বলেন, “এটি একটি আন্তর্জাতিক অপরাধ। আমরা আমাদের গোয়েন্দা তথ্য এবং তদন্তের ফলাফল ইউরোপীয় ইউনিয়নের সহযোগীদের সঙ্গে শেয়ার করব এবং যথাযথ ব্যবস্থা নেওয়ার আহ্বান জানাব।”

তবে ইউক্রেনের অভিযোগের বিপরীতে রুশ কর্মকর্তারা দাবি করেছেন, ওই অঞ্চলগুলো এখন রাশিয়ার অংশ এবং গম সরবরাহ সম্পূর্ণ বৈধ। “চুরি হওয়া গম” বলতে কিছু নেই বলেই মন্তব্য তাদের।

এই প্রসঙ্গে বাংলাদেশ বা রাশিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয়ের পক্ষ থেকে এখনো কোনো আনুষ্ঠানিক প্রতিক্রিয়া পাওয়া যায়নি বলে জানিয়েছে রয়টার্স।

## মেহেরপুরে ধর্মীয় উৎসবমুখর

মন্দির প্রাঙ্গণে ফিরে আসে। শোভাযাত্রায় ‘জয় শ্রীজগন্নাথ’ ধ্বনিতে মুখরিত হয়ে ওঠে পুরো শহর। শিশু, কিশোর, যুবক, বৃদ্ধসহ সব বয়সী নারী-পুরুষের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ রথযাত্রাকে প্রাণবন্ত করে তোলে। উৎসবের শুরুতে হরিসভা মন্দিরে ধর্মীয় পূজা-অর্চনার আয়োজন করা হয়। রথযাত্রা শেষে ভক্ত ও দর্শনার্থীদের মধ্যে প্রসাদ বিতরণ করা হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হরিসভা মন্দির কমিটির সভাপতি বিকাশ সাহা, সহ-সভাপতি বিধান চন্দ্রনাথ, সাধারণ সম্পাদক কিশোর পাত্র, সহ-সাধারণ সম্পাদক মদন কর্মকারসহ মন্দির কমিটির অন্যান্য সদস্যবৃন্দ। এই রথযাত্রা উৎসব মেহেরপুরের ধর্মপ্রাণ সনাতন সম্প্রদায়ের জন্য এক আনন্দঘন মিলনমেলায় রূপ নেয়।

## মুজিবনগর থানাসহ মেহেরপুরের

দিয়েছে মিশ্র প্রতিক্রিয়া। কেউ কেউ এই পদক্ষেপকে সাধুবাদ জানালেও অনেকেই এটিকে রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বলে মন্তব্য করেছেন। মুজিবনগর মুক্তিযুদ্ধের স্মারক নাম হওয়ায় কিছু পরিবর্তন বিস্ময় ও সমালোচনার জন্ম দিয়েছে। কামাল হোসেন বলেন, “মুজিবনগর বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের গুরুত্বপূর্ণ অংশ, যেখানে ১৯৭১ সালের ১৭ এপ্রিল অস্থায়ী সরকার শপথ নেয়। এই নাম মুছে ফেলা হলে সেটি কেবল প্রশাসনিক পরিবর্তন নয়, বরং তা ইতিহাসের অপসারণ।” স্থানীয় প্রবীণ মো. আব্দুল হাকিম বলেন, “মুজিবনগর নামের প্রতিটি শব্দ আমাদের মুক্তিযুদ্ধের চেতনাকে ধারণ করে। এসব প্রতিষ্ঠানের নাম পরিবর্তন মানে ইতিহাসের পুনঃলিখন।” অন্যদিকে, পেশাজীবী আব্দুল কুদ্দুস বলেন, “নাম থাকলো বা না থাকলো, আসল কথা হলো সেবার মান। স্টেডিয়ামে খেলাধুলা হয় না, স্কুলে শিক্ষক নেইড়এসব সমস্যার সমাধান করলেই বেশি লাভ হতো।” ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. রেজাউল করিম বলেন, “সরকার নিরপেক্ষতার লক্ষ্যে কাজ করছে, তবে প্রক্রিয়াটি যদি রাজনৈতিক ফলাফল অর্জনের জন্য পরিচালিত হয়, তাহলে তা উল্টো ফল দিতে পারে।” তিনি আরও বলেন, “জনগণের অংশগ্রহণ ছাড়া ইতিহাস পরিবর্তনের সিদ্ধান্ত টেকসই বা গ্রহণযোগ্য হয় না।” বাংলাদেশ ইতিহাস পরিষদের সাধারণ সম্পাদক অধ্যাপক ড. আব্দুল বাছির বলেন, “নাম ইতিহাস বহন করে। এটি শুধু একটি শব্দ নয়, এর সঙ্গে যুক্ত থাকে স্মৃতি, আবেগ ও রাজনীতি। তাই অংশগ্রহণমূলক প্রক্রিয়া ছাড়া এমন সিদ্ধান্ত দেশের ইতিহাসবোধে আঘাত হানতে পারে।”

## মেহেরপুরে এইচএসসি ও সমমানের

পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে প্রশাসনের পক্ষ থেকে কঠোর নজরদারি রাখা হয়। এদিন বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন অতিরিক্ত জেলা প্রশাসক তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ এবং সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা খায়রুল ইসলাম।

## মাকে হাসপাতালে নিয়ে যাওয়ায়

করেছিলেন, কিন্তু সেটা আজ হয়নি। তারা বিশেষ বিবেচনায় আনিসার আজকের পরীক্ষাটি পরবর্তীতে গ্রহণের চেষ্টা করবেন। আমি আমার শেষ পদক্ষেপ হিসেবে আইনগত সহযোগিতা করার বিষয়টি আনিসা, তার মা ও অধ্যক্ষ স্যারকে জানিয়েছি। একই সঙ্গে ২০০০ সালে মতিঝিল মডেল স্কুল অ্যান্ড কলেজের ১৩২ শিক্ষার্থীর পরীক্ষা দেওয়া সংক্রান্ত পূর্বের মামলার নজির তাদের জানিয়ে রেখেছি। তারা আশ্বস্ত হয়েছেন। মেয়েটি যেন বাকি পরীক্ষাগুলো নিশ্চিন্তে দিতে পারে, সেটি ব্যবস্থা করার জন্য তার মা ও অধ্যক্ষ স্যারকে বিশেষ অনুরোধ জানিয়েছি।’

তিনি আরও লিখেছেন, ‘আমার ফেসবুক পোস্টের পর সবাই যেভাবে মেয়েটির প্রতি সহমর্মিতা প্রকাশ করেছেন, আমি বিশ্বাস করি, ঢাকা শিক্ষা বোর্ড, শিক্ষা উপদেষ্টা মানবিক বিবেচনায় আনিসার পরীক্ষা দেওয়ার ব্যবস্থা করে তার শিক্ষা জীবন অব্যাহত রাখতে সহযোগিতা করবেন। আনিসাকে যেন আদালতের দ্বারস্থ হতে না হয়, সেটা আমার প্রত্যাশা।’

প্রসঙ্গত, এইচএসসি পরীক্ষার্থী ওই মেয়েটির বাবা বেঁচে নেই। মা আজ সকালে মেজর স্ট্রোক করেন। যেহেতু পরিবারে দায়িত্বশীল কেউ নেই, তাই মেয়েটিকেই সব সামলে মাকে হাসপাতালে নিয়ে যেতে হয়। সেখান থেকে ছুটতে হয়েছে পরীক্ষার কেন্দ্র মিরপুর সরকারি বাঙলা কলেজে। কিন্তু পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে দেরি হওয়ায় তাকে প্রবেশ করতে দেওয়া হয়নি। ফলে তিনি প্রথম দিনের পরীক্ষায় অংশ নিতে পারেননি। পরীক্ষা দিতে না পারায় ওই কেন্দ্রের সামনে তাকে কাঁদতে দেখা যায়। তবুও ওই শিক্ষার্থী কেন্দ্রে প্রবেশ করতে পারেনি। বিষয়টি সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়ায় অনেকেই ক্ষোভ প্রকাশ করেছেন।

## কার্যক্রম শুরুর জন্য প্রস্তুত: উপাচার্য

খসড়াকে নীতিগত অনুমোদন দেয় তৎকালীন মন্ত্রিসভা। সেই ধারাবাহিকতায় মেহেরপুর কলেজ রোডে ভাড়া নেওয়া অফিসে প্রশাসনিক কার্যক্রম চালাচ্ছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

## হাসিনার দেশত্যাগের ব্রেকিং নিউজে

জানান এই সাংবাদিক। শফিকুল আলম লেখেন, ‘আমার জন্য বড় খবর। বাংলাদেশ বিপ্লব ও শেখ হাসিনার দেশত্যাগের ব্রেকিং নিউজ কভারেজের জন্য ‘সম্মানসূচক স্বীকৃতি’ পেয়েছি।’

পোস্টে তিনি সোপা’র দেওয়া সনদের একটি ছবিও যুক্ত করেন, যেখানে তাঁর পুরস্কারপ্রাপ্তির বিষয়টি স্পষ্টভাবে উল্লেখ রয়েছে।

জুলাইয় গণঅভ্যুত্থানের সময় অ্যাজেন্স ফ্রান্স-প্রেস (এএফপি)’র ঢাকা ব্যুরো প্রধান ছিলেন শফিকুল আলম। সেসময় গণআন্দোলনের মধ্যে শেখ হাসিনার আকস্মিক দেশত্যাগ নিয়ে তাঁর প্রকাশিত এক্সক্লুসিভ প্রতিবেদন আন্তর্জাতিক মহলে ব্যাপক সাড়া ফেলে।

এশিয়া অঞ্চলের মর্যাদাপূর্ণ সংগঠন সোপা প্রতি বছর বস্তুনিষ্ঠ ও মানসম্পন্ন সাংবাদিকতাকে সম্মাননা দিয়ে থাকে।

## জেলা জামায়াতের সেক্রেটারি

করা হলে তিনি বলেন, “নির্বাচন কবে হবে, সেটা জাতীয় সিদ্ধান্তের বিষয়। তবে আমরা আমাদের প্রস্তুতি সম্পূর্ণ করে রাখতে চাই। আমাদের দাবি, স্থানীয় নির্বাচন আগে হোক। জাতীয় নির্বাচনের পরে হলে ক্ষমতাসীন দলের প্রভাব প্রশাসনে থাকে, যা প্রতিদ্বন্দ্বীদের জন্য হুমকি হয়ে দাঁড়ায়।” সাংগঠনিক কাঠামোর কথা বলতে গিয়ে তিনি জানান, “জামায়াত বাংলাদেশকে ১৭টি অঞ্চলে ভাগ করেছে। যশোর-কুষ্টিয়া অঞ্চলটির মধ্যে সবচেয়ে বেশি নির্যাতিত জেলা হচ্ছে মেহেরপুর। এখানে ক্রসফায়ারে নিহত হয়েছেন তারিক মো. সাইফুল ইসলামসহ দুইজন নেতা, যিনি ছিলেন ভবিষ্যতের সম্ভাবনাময় নেতৃত্ব। অমুসলিমরাও তাঁর মৃত্যুতে শোক প্রকাশ করেছে।” তিনি আরও অভিযোগ করেন, “মেহেরপুরে আমাদের নারী কর্মীদের বিরুদ্ধেও ১৪টি মামলা হয়েছে, যেখানে প্রায় ১০০ নারী আসামি। গ্রামগঞ্জে যারা কোরআন শিক্ষা দিচ্ছিলেন, তাদেরও নাশকতার মামলায় ফাঁসানো হয়েছে। জেলা জামায়াতের বিরুদ্ধে মোট মামলা ৮৬টি, আসামি সংখ্যা ১ হাজারের বেশি।” আন্দোলনের প্রসঙ্গে ইকবাল হোসেন বলেন, “২০১৩-১৪ সালে বিএনপি যদি আমাদের আন্দোলনে সক্রিয়ভাবে অংশ নিতো, তাহলে সরকার সেসময়ই পড়ে যেত। খুলনা বিভাগের মধ্যে মেহেরপুর, ঝিনাইদহ ও সাতক্ষীরায় সবচেয়ে বেশি আন্দোলন হয়েছিল। সেসময় আমাদের কর্মীদের বাড়িঘরও পুড়িয়ে দেওয়া হয়।” শেষে তিনি বলেন, “আমরা রাজনীতিতে কিছু মৌলিক পার্থক্য বজায় রাখি। আমাদের নেতাদের আলাদা করে ‘প্রটোকল’ দেওয়ার দরকার হয় না। নেতৃত্ব ও সিদ্ধান্তে কেন্দ্রীয় শৃঙ্খলাই মুখ্য। বিদ্রোহী প্রার্থিতার কোনো সুযোগ জামায়াতে নেই।”

## প্রধান উপদেষ্টা

উদ্‌যাপন করা হচ্ছে।

প্রধান উপদেষ্টা তাঁর শক্তিশালী ও আবেগঘন মূল বক্তব্যে সবাইকে স্মরণ করিয়ে দেন যে, বিশ্ব একটি ভুল পথে চলছে এবং কেবল নিঃস্বার্থ, ভালো কাজের জন্য স্বপ্নবান হওয়া এবং সামাজিক ব্যবসার মাধ্যমে একটি ন্যায়ভিত্তিক ও টেকসই ভবিষ্যৎ গড়ে তোলা সম্ভব।

অধ্যাপক ইউনূস বলেন, পৃথিবীতে সবার জন্য স্বাস্থ্যসেবা নিশ্চিত করার একমাত্র সঠিক পথ হল সামাজিক ব্যবসা। এর মাধ্যমে স্বাস্থ্যসেবার চ্যালেঞ্জগুলো সফলভাবে মোকাবিলা করা সম্ভব।

তিনি তরুণদেরকে বৈশ্বিক পরিবর্তন আনার আহ্বান জানিয়ে বলেন, উদ্যোক্তা হিসেবে ছোট থেকে শুরু করতে হবে, বড় স্বপ্ন দেখতে হবে এবং একসঙ্গে কাজ করে এমন একটি বিশ্ব গড়ে তুলতে হবে, যার বৈশিষ্ট্য হবে তিনটি শূন্য-‘শূন্য দারিদ্র্য, শূন্য বেকারত্ব এবং শূন্য গড় কার্বন নিঃসরণ।’

চাকরি প্রার্থী নয়, উদ্যোক্তা হিসেবে নিজেকে প্রস্তুত করার মত শিক্ষাব্যবস্থা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করে প্রধান উপদেষ্টা বলেন, ‘বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা প্রথম দিন থেকেই যেন জানেনড়তারা চাকরির জন্য এখানে আসেনি। কিন্তু আমাদের শিক্ষা ব্যবস্থায় ছাত্রদের স্বপ্ন দেখতে দেওয়া হয় না। আমি বলিড়শিক্ষা ব্যবস্থার প্রথম দায়িত্বই হলোড়স্বপ্ন দেখার সুযোগ দেওয়া। ছাত্রদের উদ্দেশে তিনি বলেন, আগে স্বপ্ন দেখতে হবে। তারপর কীভাবে সেই স্বপ্নকে বাস্তবে রূপ দেওয়া যায়, সেই পথ খুঁজে বের করো। একে অপরকে চ্যালেঞ্জ দাও। এই ধরনের শিক্ষাব্যবস্থা গড়তে সোশ্যাল বিজনেস শিক্ষার গুরুত্ব আমাদের কাছে এত বড় বলে তিনি উল্লেখ করেন। অধ্যাপক ইউনূস আরও বলেন, তরুণদের বলবো, ‘যদি তুমি একজন চাকরি প্রার্থী হও, তবে সেটি আমাদের জন্য লজ্জার। কারণ আমরা তোমাকে নিজেকে আবিষ্কার করার মত সাহায্য করতে পারিনি।’ যদি তুমি নিজেকে আবিষ্কার করোড়তাহলে কখনোই চাকরি প্রার্থী থাকবে না। তুমি একজন উদ্যোক্তা হয়ে উঠবে। ভারত-পাকিস্তান, ইরান-ইসরায়েল-ফিলিস্তিন এবং ইউক্রেন যুদ্ধের প্রসঙ্গ উল্লেখ করে অধ্যাপক ইউনূস বলেন, এই বছরের প্রেক্ষাপট অতীতের যেকোনো সময়ের চেয়ে খারাপ। আগের সোশ্যাল বিজনেস ডে-গুলোতে আমরা অনুভব করতাম যে, পৃথিবী একটা আশাব্যঞ্জক দিকে এগোচ্ছে। আমরা ভেবেছিলামড়বিশ্বে যুদ্ধের অধ্যায় শেষ হচ্ছে। আমরা আশা করেছিলামড়মানবজাতি এখন শান্তিতে বাস করবে। কিন্তু হঠাৎ করেই এই বছর নানা ভয়াবহ ঘটনা ঘটতে শুরু করল। দরিদ্র মানুষ এই যুদ্ধে পিষ্ট হচ্ছে বলে তিনি উল্লেখ করেন। সামাজিক ব্যবসার বার্তা কী-এই প্রসঙ্গ উল্লেখ করে তিনি আরও বলেন, সামাজিক ব্যবসার একটি বার্তা হলো পৃথিবীকে বদলে দেওয়ার বার্তাড়এবং এর জন্য প্রয়োজন প্রতিটি জাতির অংশগ্রহণ, প্রতিটি জাতির উচিত সেইসব সমস্যা সমাধানে এগিয়ে আসা যেগুলো তারা এত বছর ধরে তুলে ধরেছেন।